# বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর রিপোর্ট

## অর্থ বিভাগ কর্তৃক বিতরণকৃত রপ্তানিকারকের নগদ সহায়তার উপর কমপ্লায়েন্স অডিট রিপোর্ট

রিপোর্ট নম্বরঃ ৪৬/২০২১

# বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর রিপোর্ট

## অর্থ বিভাগ কর্তৃক বিতরণকৃত রপ্তানিকারকের নগদ সহায়তার উপর কমপ্লায়েন্স অডিট রিপোর্ট

রিপোর্ট নম্বরঃ ৪৬/২০২১

# সূচিপত্র


| ক্রমিক নম্বর | বিবরণ | পৃষ্ঠা নম্বর |
|---|---|---|
| | **প্রথম অংশ** | |
| ০১ | মুখবন্ধ | vii |
| | **অধ্যায়-১** | |
| ০২ | অডিট বিষয়ক সংক্ষিপ্ত তথ্যাবলী | ৩-৬ |
| ০৩ | নির্বাহী সারসংক্ষেপ | ৭ |
| ০৪ | শব্দ সংক্ষেপ | ৯ |
| | **অধ্যায়-২** | |
| ০৫ | অডিট অনুচ্ছেদসমূহের সারসংক্ষেপ | ১৩ |
| ০৬ | অডিট অনুচ্ছেদসমূহের বিস্তারিত বিবরণ | ১৭-৩৪ |
| | **দ্বিতীয় অংশ** | |
| ০৭ | পরিশিষ্টসমূহ | ৩৯-৮৪ |

# প্রথম অংশ

# মুখবন্ধ

১। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ-১২৮(১) অনুযায়ী বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল প্রজাতন্ত্রের সরকারি হিসাবসমূহ এবং সকল আদালত, সরকারি কর্তৃপক্ষ ও কর্মচারীর হিসাব নিরীক্ষা করার জন্য ক্ষমতাপ্রাপ্ত।

২। অর্থ মন্ত্রণালয়ের আওতাধীন, অর্থ বিভাগ এর ২০১৬-২০১৭ অর্থবছর হতে ২০১৯-২০২০ অর্থবছর পর্যন্ত বিভিন্ন ব্যাংকের মাধ্যমে বিতরণকৃত রপ্তানিকারকের নগদ সহায়তা কার্যক্রমের উপর সিভিল অডিট অধিদপ্তর কর্তৃক নমুনামূলক যাচাইয়ের মাধ্যমে অডিট সম্পাদনপূর্বক এই রিপোর্ট প্রণয়ন করা হয়েছে। সরকারি সম্পদ ও অর্থ ব্যবহারের ক্ষেত্রে চিহ্নিত গুরুতর আর্থিক অনিয়মসমূহের সাথে জড়িতদের জবাবদিহিতার আওতায় আনয়ন করাই এই রিপোর্টের মূল উদ্দেশ্য।

৩। এই অডিট রিপোর্টে অন্তর্ভুক্ত ১২টি অনুচ্ছেদে বর্ণিত অনিয়মসমূহ নিরীক্ষিত অফিস প্রধানসহ অর্থ বিভাগ এর প্রধান হিসাবদানকারী অফিসার ও বাংলাদেশ ব্যাংক বরাবর ইস্যু করা হয়েছে এবং তাঁদের জবাব বিবেচনাপূর্বক এই রিপোর্ট চূড়ান্ত করা হয়েছে।

৪। এই অডিট সম্পাদন ও এই রিপোর্ট প্রণয়নে বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল কর্তৃক জারীকৃত Government Auditing Standards of Bangladesh অনুসরণ করা হয়েছে।

৫। জাতীয় সংসদে উপস্থাপনের লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ-১৩২ অনুযায়ী এই অডিট রিপোর্ট মহামান্য রাষ্ট্রপতির নিকট পেশ করা হলো।

তারিখ ঃ ২৭/০৫/১৪২৯ বঙ্গাব্দ / ১০/৯/২০২২ খ্রিষ্টাব্দ।

(মোহাম্মদ মুসলিম চৌধুরী)
বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল

# অধ্যায়-০১

# অডিট বিষয়ক সংক্ষিপ্ত তথ্যাবলি

**রিপোর্ট সম্পর্কিত তথ্যঃ**

এই রিপোর্ট অর্থ মন্ত্রণালয়ের আওতাধীন অর্থ বিভাগ (মঞ্জুরি নং-০৭) হতে বিভিন্ন বাণিজ্যিক ব্যাংকের মাধ্যমে রপ্তানিকারকদের পরিশোধকৃত রপ্তানি ভর্তুকি/নগদ সহায়তা (Cash Incentive) প্রদানের উপর ২০১৬-২০১৭ অর্থবছর হতে ২০১৯-২০২০ অর্থবছর পর্যন্ত কমপ্লায়েন্স অডিট পরিচালনা করে প্রস্তুত করা হয়েছে। উক্ত প্রতিষ্ঠানগুলোর ক্ষেত্রে প্রযোজ্য আইন, বিধি ইত্যাদি অডিট Criteria হিসেবে বিবেচনা করে উচ্চ ঝুঁকি ক্ষেত্র চিহ্নিত করে নমুনায়নের মাধ্যমে মাঠ পর্যায়ে নিরীক্ষা সমাপনান্তে রিপোর্টটি প্রস্তুত করা হয়েছে।

**অডিটি প্রতিষ্ঠান সম্পর্কিত তথ্যঃ**

**প্রতিষ্ঠান পরিচিতিঃ**

অর্থ মন্ত্রণালয়ের অধীন অর্থ বিভাগের বাজেট হতে দেশীয় উপকরণ দ্বারা উৎপাদিত পণ্য সরাসরি রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি/নগদ সহায়তা (Cash Incentive) প্রদানের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংকের অনুকূলে অর্থ ছাড় করা হয়। পরবর্তীতে উক্ত ছাড়কৃত অর্থ বাংলাদেশ ব্যাংক কর্তৃক বিভিন্ন বাণিজ্যিক ব্যাংকের মাধ্যমে রপ্তানিকারক প্রতিষ্ঠানকে রপ্তানি ভর্তুকি/নগদ সহায়তা হিসেবে প্রদান করা হয়ে থাকে। উক্ত নগদ সহায়তা যথাযথভাবে পরিশোধের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক কর্তৃক বিভিন্ন সময়ে এফই সার্কুলার (Foreign Exchange Circular) জারি করা হয়। এ সকল সার্কুলারের মাধ্যমে নগদ সহায়তার জন্য রপ্তানি পণ্য ও সহায়তার হার সুনির্দিষ্ট করা হয়ে থাকে। ২০১৬-২০১৭ অর্থবছরে ২০টি, ২০১৭-২০১৮ অর্থবছরে ৩৩টি, ২০১৮-২০১৯ অর্থবছরে ৩৫টি, ২০১৯-২০২০ অর্থবছরে ৩৭টি নির্দিষ্ট পণ্য রপ্তানিতে এ নগদ সহায়তা প্রদান করা হয়েছে।

মূলতঃ বাণিজ্যিক ব্যাংকের Authorized Dealer (AD) শাখার মাধ্যমে নগদ সহায়তা প্রদান কার্যক্রম বাস্তবায়ন করা হয়ে থাকে। ২০১৬-২০১৭ হতে ২০১৯-২০২০ অর্থবছরে ৫৬টি ব্যাংকের সর্বমোট ১০২৯টি শাখার মাধ্যমে নগদ সহায়তা প্রদানের কার্যক্রম সম্পাদন করা হয়েছে। নিরীক্ষাকালে ঝুঁকি ও ম্যাটেরিয়ালিটির ভিত্তিতে নিম্নোক্ত ১০টি ব্যাংকের ৩৭টি শাখার কার্যক্রম নিরীক্ষা করা হয়েছে।

**নিরীক্ষিত ১০টি বাণিজ্যিক ব্যাংকের ৩৭টি শাখাগুলো নিম্নরূপঃ**

| ক্রমিক নং | প্রধান কার্যালয় | নিরীক্ষিত শাখা |
|---|---|---|
| ০১. | দি সিটি ব্যাংক লিঃ, গুলশান, ঢাকা। | দি সিটি ব্যাংক লিঃ, গুলশান শাখা, ঢাকা।<br>দি সিটি ব্যাংক লিঃ, আগ্রাবাদ শাখা, চট্টগ্রাম। |
| ০২. | শাহজালাল ইসলামী ব্যাংক লিঃ, গুলশান এভিনিউ, ঢাকা। | শাহজালাল ইসলামী ব্যাংক লিঃ, ফরেন এক্সচেঞ্জ শাখা, মতিঝিল, ঢাকা।<br>শাহাজালাল ইসলামী ব্যাংক লিঃ, প্রধান শাখা, ঢাকা।<br>শাহাজালাল ইসলামী ব্যাংক লিঃ, নারায়ণগঞ্জ শাখা, নারায়ণগঞ্জ। |
| ০৩. | আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিঃ, পুরানা পল্টন, ঢাকা। | আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিঃ, মতিঝিল শাখা, ঢাকা।<br>আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিঃ, উত্তরা শাখা, ঢাকা।<br>আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিঃ, সৈয়দপুর শাখা, নীলফামারী।<br>আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিঃ, বগুড়া শাখা, বগুড়া। |

| ক্রমিক নং | প্রধান কার্যালয় | নিরীক্ষিত শাখা |
|---|---|---|
| ০৪. | পূবালী ব্যাংক লিঃ, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা। | পূবালী ব্যাংক লিঃ, ফরেন এক্সচেঞ্জ শাখা, ঢাকা।<br>পূবালী ব্যাংক লিঃ, খুলনা শাখা, খুলনা।<br>পূবালী ব্যাংক লিঃ, নারায়ণগঞ্জ শাখা, নারায়ণগঞ্জ। |
| ০৫. | ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, গুলশান, ঢাকা। | ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, গুলশান শাখা, ঢাকা।<br>ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, বংশাল শাখা, ঢাকা।<br>ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, নারায়ণগঞ্জ শাখা, নারায়ণগঞ্জ। |
| ০৬. | ওয়ান ব্যাংক লিঃ, কাওরান বাজার, ঢাকা। | ওয়ান ব্যাংক লিঃ, কাওরান বাজার শাখা, ঢাকা।<br>ওয়ান ব্যাংক লিঃ, যশোর শাখা, যশোর।<br>ওয়ান ব্যাংক লিঃ, নারায়ণগঞ্জ শাখা, নারায়ণগঞ্জ।<br>ওয়ান ব্যাংক লিঃ, আগ্রাবাদ শাখা, চট্টগ্রাম। |
| ০৭. | মার্কেন্টাইল ব্যাংক লিঃ, প্রধান শাখা, দিলকুশা বা/এ, ঢাকা। | মার্কেন্টাইল ব্যাংক লিঃ, ধানমন্ডি শাখা, ঢাকা।<br>মার্কেন্টাইল ব্যাংক লিঃ, প্রধান শাখা, দিলকুশা বা/এ, ঢাকা।<br>মার্কেন্টাইল ব্যাংক লিঃ, মতিঝিল শাখা, ঢাকা।<br>মার্কেন্টাইল ব্যাংক লিঃ, বগুড়া শাখা, বগুড়া।<br>মার্কেন্টাইল ব্যাংক লিঃ, আগ্রাবাদ শাখা, চট্টগ্রাম। |
| ০৮. | ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা। | ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ, গুলশান শাখা, ঢাকা।<br>ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ, ফরেন এক্সচেঞ্জ শাখা, ঢাকা।<br>ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ, লোকাল ব্রাঞ্চ শাখা, ঢাকা।<br>ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ, খুলনা শাখা, খুলনা।<br>ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ, যশোর শাখা, যশোর।<br>ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ, ফরেন একচেঞ্জ শাখা, নারায়ণগঞ্জ।<br>ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ, রংপুর শাখা, রংপুর।<br>ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ, বগুড়া শাখা, বগুড়া।<br>ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ, আন্দরকিল্লা শাখা, চট্টগ্রাম। |
| ০৯. | ব্যাংক এশিয়া লিঃ, পুরানা পল্টন, ঢাকা। | ব্যাংক এশিয়া লিঃ, প্রিন্সিপাল শাখা, মতিঝিল, ঢাকা।<br>ব্যাংক এশিয়া লিঃ, সিডিএ শাখা, চট্টগ্রাম।<br>ব্যাংক এশিয়া লিঃ, আগ্রাবাদ শাখা, চট্টগ্রাম। |
| ১০. | সাউথ বাংলা এগ্রিকালচার এন্ড কমার্স ব্যাংক লিঃ, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা। | সাউথ বাংলা এগ্রিকালচার এন্ড কমার্স ব্যাংক লিঃ, খুলনা শাখা, খুলনা। |

## প্রতিষ্ঠানের কার্যাবলীঃ

রপ্তানিকারক প্রতিষ্ঠান কর্তৃক রপ্তানি সম্পন্ন করে মূল্য প্রত্যাবাসিত হওয়ার পর ১৮০ দিনের মধ্যে প্রয়োজনীয় প্রমাণক যথা রপ্তানিকারকের ট্রেড লাইসেন্স, রেজিস্ট্রেশন সার্টিফিকেট, ইএক্সপি, বিএল, ইনভয়েস, পিআরসি, এ্যাসোসিয়েশন সনদ ইত্যাদি সহ সংশ্লিষ্ট ব্যাংকে নগদ সহায়তার জন্য নির্ধারিত ফরমে আবেদন করা হয়। নগদ সহায়তার আবেদনপত্র প্রাপ্তির ৩ কর্ম দিবসের মধ্যে সংশ্লিষ্ট ব্যাংক বাংলাদেশ ব্যাংক কর্তৃক নির্ধারিত চার্টার্ড একাউন্টেন্ট ফার্মকে আবেদন প্রাপ্যতার বিষয়ে নিরীক্ষা সম্পাদনের জন্য অনুরোধ জানান। চার্টার্ড একাউন্টেন্ট ফার্ম ০৭ দিনের মধ্যে নিরীক্ষা কার্যক্রম সম্পাদনের পর অডিট সার্টিফিকেট দাখিল করে। প্রাপ্ত অডিট সার্টিফিকেটের ভিত্তিতে সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃক রপ্তানিকারককে নগদ সহায়তা প্রদান করা হয়ে থাকে।


## প্রতিষ্ঠানের বাজেট ও ব্যয় বিশ্লেষণঃ

নিম্নের ছকে বছর ভিত্তিক নগদ সহায়তার বাজেট এবং পরিশোধের তথ্য উপস্থাপন করা হলো।

(কোটি টাকায়)

| ক্রমিক নং | অর্থবছর | বাজেট/বরাদ্দ | নগদ সহায়তা পরিশোধের পরিমাণ |
|---|---|---|---|
| ০১। | ২০১৬-২০১৭ | ৪৫০০.০০ | ৪৩৯৫.০০ |
| ০২। | ২০১৭-২০১৮ | ৪৫০০.০০ | ৪৪৮০.৭৫ |
| ০৩। | ২০১৮-২০১৯ | ৪৫০০.০০ | ৪৪৯৪.১০ |
| ০৪। | ২০১৯-২০২০ | ৭৩২৫.০০ | ৬৩৯০.৭১ |

**ছক-১:** বছর ভিত্তিক নগদ সহায়তার বাজেট এবং বিতরণের তথ্য।




**চিত্র-১:** রপ্তানি এবং নগদ সহায়তা বিতরণের বছর ভিত্তিক তুলনা।

২০১৯-২০২০ অর্থবছরের করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের কারণে বিশ্বব্যাপী বৈদেশিক বাণিজ্য অনেকাংশে হ্রাস পেয়েছে। সেই ধারাবাহিকতায় বাংলাদেশের রপ্তানিও ২০১৮-২০১৯ অর্থবছরের তুলনায় ২০১৯-২০২০ অর্থবছরে ১০.৬৬ শতাংশ কম হয়েছে (চিত্র-১)। অথচ একই অর্থবছরে নগদ সহায়তার পরিমাণ ৪২.২০ শতাংশ বৃদ্ধি পেয়েছে। যেহেতু রপ্তানি মূল্যের বিপরীতে নগদ সহায়তা নির্ধারিত হারে প্রদান করা হয়ে থাকে, সেহেতু রপ্তানি কমে যাওয়ার ফলে নগদ সহায়তার পরিমাণও নির্ধারিত হারে কমে যাওয়াই প্রত্যাশিত ছিল। কিন্তু বাস্তবে রপ্তানি কমে গেলেও নগদ সহায়তার পরিশোধের পরিমাণ অনেকাংশে বৃদ্ধি পেয়েছে।

### অডিটের আইনগত ভিত্তিঃ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১২৮(১) অনুযায়ী এই অডিট পরিচালনা করা হয়েছে।

### অডিটের পরিধিঃ

২০১৬-২০১৭ অর্থবছর হতে ২০১৯-২০২০ অর্থবছর পর্যন্ত নগদ সহায়তা পরিশোধকারী মোট ৫৬টি ব্যাংকের ১০২৯টি শাখার মধ্যে ১০টি ব্যাংকের ৩৭টি শাখার নগদ সহায়তা সংক্রান্ত বিষয়াদি অডিটের আওতায় আনা হয়েছে।

### অডিট প্লানিং ও অডিট পরিচালনা সংক্রান্ত তথ্যঃ

### অডিটের বিষয়বস্তুঃ

- বাংলাদেশ ব্যাংকের প্রযোজ্য সার্কুলার অনুসারে প্রকৃত রপ্তানিকারকগণ নগদ সহায়তা পেয়েছে মর্মে নিশ্চিত হওয়া;
- যে সকল পণ্যের বিপরীতে নগদ সহায়তা পরিশোধিত হয়েছে প্রকৃত পক্ষে সে সকল পণ্যই রপ্তানি করা হয়েছে মর্মে নিশ্চিত হওয়া;
- রপ্তানি মূল্য প্রত্যাবাসনের সনদপত্র যাচাই বাছাই করা;
- শুধু দেশে উৎপাদিত পণ্যের বিপরীতে নগদ সহায়তা পরিশোধ করা হয়েছে তা নিশ্চিত হওয়া;
- বিল অব এক্সপোর্ট, বিল অফ লেডিংসহ অন্যান্য সংশ্লিষ্ট দলিলাদির সঠিকতা ও যথার্থতা যাচাই করা।

### অডিট কৌশলঃ

- দেশীয় বেসরকারি ব্যাংকসমূহের মধ্যে যে সকল ব্যাংক কর্তৃক অধিক হারে নগদ সহায়তা পরিশোধ করা হয়েছে সেরূপ ১০টি ব্যাংকের ৩৭টি শাখাকে নির্বাচন করা হয়েছে;
- এ ছাড়া গুরুত্বপূর্ণ কারখানায় সরেজমিনে পরিদর্শন করা হয়েছে;
- সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নথিপত্র পর্যালোচনা করা হয় এবং প্রয়োজনীয় ক্ষেত্রে আলোচনা করা হয়েছে।

### অডিট সময়কালঃ

১৩/১০/২০২০ খ্রি. হতে ১১/১২/২০২০ খ্রি. পর্যন্ত।

### পূর্ববর্তী অডিট রিপোর্টের হালনাগাদ তথ্যঃ

| ক্রঃ নং | নিরীক্ষার অর্থবছর | বার্ষিক রিপোর্টের সন | আপত্তির সংখ্যা | জড়িত টাকা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২০০৫-২০০৭ | ২০০৫-২০০৭ (বিশেষ অডিট রিপোর্ট) | ১০ টি | ৫৭,২৩,৮৪,০০২ | জাতীয় সংসদে উপস্থাপিত |
| ২ | ২০০৫-২০০৯ | ২০১০-২০১১ (ইস্যুভিত্তিক অডিট রিপোর্ট) | ০৭ টি | ৩২,১৫,০৪,৩৪৬ | |
| ৩ | ২০০৬-২০১০ | ২০০৯-২০১০ (ইস্যুভিত্তিক অডিট রিপোর্ট) | ০৪ টি | ৯,৭৯,০০,৪৪৮ | |
| ৪ | ২০০৯-২০১২ | ২০১২-২০১৩ | ০৭ টি | ৭৪,৮২,০৮,১৮৯ | |
| ৫ | ২০১৩-২০১৪ হতে ২০১৬-২০১৭ | ২০১৭-২০১৮ | ১৪ টি | ৭,০১,৬৯,০৫৩ | |

# নির্বাহী সারসংক্ষেপ

সিভিল অডিট অধিদপ্তরের নিরীক্ষার আওতাধীন অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ (মঞ্জুরি নং-০৭) এর ২০১৬-২০১৭ অর্থবছর হতে ২০১৯-২০২০ অর্থবছর পর্যন্ত সময়কালে বিভিন্ন বাণিজ্যিক ব্যাংকের মাধ্যমে রপ্তানি ভর্তুকি/নগদ সহায়তা (Cash Incentive) পরিশোধের জন্য বাজেট বরাদ্দের বিপরীতে সম্পাদিত কাজের রেকর্ডপত্র ও নমুনা সংগ্রহের মাধ্যমে পরিকল্পনা প্রণয়নপূর্বক অডিট করা হয়েছে।

নিরীক্ষাকালে রপ্তানি সহায়তা প্রাপ্তির বিষয়ে প্রযোজ্য বিধিবিধান পরিপালন না করার কারণে এই অডিট অনুচ্ছেদসমূহ উত্থাপিত হয়েছে। উত্থাপিত অডিট অনুচ্ছেদসমূহের প্রেক্ষিতে ২.৭৩ কোটি টাকা আদায়পূর্বক সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়েছে এবং নিরীক্ষিত প্রতিষ্ঠান কর্তৃক বিভিন্ন কর্তৃপক্ষের নিবন্ধন গ্রহণ, সঠিকভাবে মাস্টার ফাইল সংরক্ষণসহ নানাবিধ সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। অনিষ্পন্ন অডিট অনুচ্ছেদগুলোর মধ্য হতে গুরুতর আর্থিক অনিয়ম (SFI) সংক্রান্ত অনুচ্ছেদসমূহ এই রিপোর্টে অন্তর্ভুক্ত করা হয়েছে।

এই রিপোর্টে ১২টি অডিট অনুচ্ছেদ উত্থাপন করা হয়েছে এবং এতে জড়িত টাকার পরিমাণ ১৯৬,৮৬,৩৬,৩৪৩ (একশত ছিয়ানব্বই কোটি ছিয়াশি লক্ষ ছত্রিশ হাজার তিনশত তেতাল্লিশ) টাকা যা মোট বরাদ্দের ০.৯৫%। এই রিপোর্টের অন্তর্ভুক্ত উল্লেখযোগ্য অনিয়মসমূহ নিম্নরূপঃ

- প্রতিষ্ঠানের উৎপাদিত পণ্য ভিন্ন অন্য পণ্য রপ্তানি প্রদর্শন করা;
- শতভাগ রপ্তানিকারক প্রতিষ্ঠান না হয়েও নগদ সহায়তা গ্রহণ করা;
- ব্রোকারেজ কমিশনের উপর ভ্যাট কর্তন না করা;
- রপ্তানিকৃত পণ্য দেশে উৎপাদিত কিনা তা নিশ্চিত না হয়ে নগদ সহায়তা প্রদান করা;
- নিটিং ও ডাইংয়ের অপচয় হার বেশি মাত্রায় প্রদর্শন করা।

নিরীক্ষিত প্রতিষ্ঠানসমূহের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা শক্তিশালীকরণ, সরকারি অর্থ আদায় ও পরিশোধে প্রচলিত বিধিবিধান পরিপালন, একই ধরনের অনিয়মের পুনরাবৃত্তি না ঘটা এবং পূর্ববর্তী নিরীক্ষার সুপারিশসমূহ বাস্তবায়ন করার বিষয়ে কর্তৃপক্ষের মনোনিবেশ করার প্রয়োজনীয়তা এই অডিট রিপোর্টে প্রতিফলিত হয়েছে।

# শব্দ সংক্ষেপ

| | |
|---|---|
| AD | Authorized Dealer |
| BAPA | Bangladesh Agro Processors Association |
| BIDA | Bangladesh Investment Development Authority |
| BL | Bill of Lading |
| BRPD | Banking Regulatory Policy Department |
| CA | Chartered Accountant |
| CI | Cash Incentive |
| ERC | Export Registration Certificate |
| EXP | Export Permission |
| FE | Foreign Exchange |
| FEPD | Foreign Exchange Policy Department |
| LC | Letter of Credit |
| PRC | Proceed Realization Certificate |
| QAC | Quality Assurance Committee |
| SFI | Serious Financial Irregularities |
| SRO | Statutory Rules Order |
| SWIFT | Society for Worldwide Interbank Financial Telecommunication |
| TT | Telegraphic Transfer |

# অধ্যায়-০২

# অডিট অনুচ্ছেদসমূহের সারসংক্ষেপ

| অনুচ্ছেদ নম্বর | শিরোনাম | জড়িত (টাকা) |
|---|---|---|
| ০১ | ১০০% রপ্তানিমুখী চামড়াজাত দ্রব্যাদি উৎপাদনকারী প্রতিষ্ঠান হিসেবে নিবন্ধিত হওয়া সত্ত্বেও ১০০% রপ্তানি না করে রপ্তানিমূল্যের উপর নগদ সহায়তা প্রদান করায় আর্থিক ক্ষতি হয়েছে। | ১৮৬,১৭,০৫,০৩৪ |
| ০২ | অনুমোদনহীন জুট এক্সপোর্ট ব্রোকার এর মাধ্যমে চুক্তি করে প্রদত্ত ব্রোকারেজ কমিশন এর উপর ১৫% ভ্যাট কর্তন না করায় রাজস্ব ক্ষতি হয়েছে। | ৫,১৯,৯৯,২৯০ |
| ০৩ | রপ্তানিকৃত পণ্য দেশে উৎপাদনের বিষয়ে নিশ্চিত না হয়েই নগদ সহায়তা পরিশোধ করায় আর্থিক ক্ষতি হয়েছে। | ২,৭৩,৯৪,৩০৬ |
| ০৪ | উৎপাদনকারী না হওয়া সত্ত্বেও কৃষিপণ্য রপ্তানির বিপরীতে নগদ সহায়তা প্রদানে আর্থিক ক্ষতি হয়েছে। | ৭৮,৭৬,৪১৭ |
| ০৫ | উৎপাদনকারী না হওয়া সত্ত্বেও গরু-মহিষের নাড়ি, ভুঁড়ি, শিং ও রগ (হাড় ব্যতীত) ইত্যাদি রপ্তানি দেখিয়ে তার বিপরীতে বিধিবহির্ভূতভাবে নগদ সহায়তা প্রদান করায় আর্থিক ক্ষতি হয়েছে। | ৯৪,২৫,৪৫৬ |
| ০৬ | চামড়া রপ্তানির ক্ষেত্রে রপ্তানিকৃত দেশ ভিন্ন অন্য দেশ হতে Advance TT এর মাধ্যমে প্রত্যাবাসিত রপ্তানি মূল্যের উপর নগদ সহায়তা প্রদান করায় আর্থিক ক্ষতি হয়েছে। | ৫৮,০৬,২৪৭ |
| ০৭ | বস্ত্র খাতের নতুন বাজার সম্প্রসারণের ক্ষেত্রে বিধিবহির্ভূতভাবে ০.২৫% অতিরিক্ত নগদ সহায়তা প্রদান করায় আর্থিক ক্ষতি হয়েছে। | ১৩,৭২,৩৮২ |
| ০৮ | বাংলাদেশ টেক্সটাইল মিলস্ এ্যাসোসিয়েশনের প্রত্যয়নকৃত সুতা দ্বারা উৎপাদনযোগ্য বস্ত্র অপেক্ষা কম বস্ত্র রপ্তানি করা সত্ত্বেও উৎপাদনযোগ্য সম্পূর্ণ বস্ত্র মূল্যের বিপরীতে নগদ সহায়তা প্রদান করায় আর্থিক ক্ষতি হয়েছে। | ৬,২৯,৩৫০ |
| ০৯ | অতিরিক্ত নিটিং/ডাইং খরচ দেখিয়ে উৎপাদিত বস্ত্র মূল্য নির্ধারণ করে অতিরিক্ত নগদ সহায়তা প্রদান করায় সরকারের আর্থিক ক্ষতি হয়েছে। | ৯,৭৪,৪৮৭ |
| ১০ | বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (BIDA) এবং প্লাস্টিক দ্রব্য রপ্তানিকারক এ্যাসোসিয়েশন এর সার্টিফিকেট ব্যতীত অনুমোদনহীন উৎপাদিত পণ্য রপ্তানির বিপরীতে নগদ সহায়তা প্রদান করায় সরকারের আর্থিক ক্ষতি হয়েছে। | ৩,৯৫,৬৩৬ |
| ১১ | Bill of Export ইস্যুর পূর্বে পণ্য রপ্তানি প্রদর্শন করে প্রত্যাবাসিত মূল্যের উপর নগদ সহয়তা প্রদান করায় আর্থিক ক্ষতি হয়েছে। | ৪,৭৪,০৮৭ |
| ১২ | রপ্তানি পণ্যে ব্যবহৃত উপকরণ উৎপাদনস্থলে পৌঁছানোর পূর্বেই মালামাল জাহাজীকরণ দেখিয়ে উক্ত পণ্যের বিপরীতে নগদ সহায়তা প্রদান করায় সরকারের আর্থিক ক্ষতি হয়েছে। | ৫,৮৩,৬৫১ |
| | মোট= | ১৯৬,৮৬,৩৬,৩৪৩ |
| | কথায়ঃ (একশত ছিয়ানব্বই কোটি ছিয়াশি লক্ষ ছত্রিশ হাজার তিনশত তেতাল্লিশ) | |

# অডিট অনুচ্ছেদসমূহের বিস্তারিত বিবরণ

**অনুচ্ছেদ নম্বরঃ ০১**

**শিরোনামঃ** ১০০% রপ্তানিমুখী চামড়াজাত দ্রব্যাদি উৎপাদনকারী প্রতিষ্ঠান হিসেবে নিবন্ধিত হওয়া সত্ত্বেও ১০০% রপ্তানি না করে রপ্তানিমূল্যের উপর নগদ সহায়তা প্রদান করায় আর্থিক ক্ষতি ১৮৬,১৭,০৫,০৩৪ (একশত ছিয়াশি কোটি সতের লক্ষ পাঁচ হাজার চৌত্রিশ) টাকা।

**বিবরণঃ**

দি সিটি ব্যাংক লিঃ, গুলশান শাখা, ঢাকা কার্যালয়ের ২০১৬-২০১৭ হতে ২০১৯-২০২০ অর্থবছর পর্যন্ত পরিশোধকৃত নগদ সহায়তার উপর ইস্যুভিত্তিক নিরীক্ষাকালে দেখা যায় যে, Apex Footwear Ltd. কে বাংলাদেশ ব্যাংকের এফই সার্কুলার নং-০৯, তারিখঃ ১৭/০৪/২০০০ খ্রি. এবং বাংলাদেশ ব্যাংকের এফই সার্কুলার নং-০৮, তারিখঃ ০৪/০৪/২০১৬ খ্রি. এর নির্দেশ অমান্য করে ১০০% রপ্তানিমুখী চামড়াজাত দ্রব্যাদি উৎপাদনকারী প্রতিষ্ঠান হয়েও ১০০% রপ্তানি না করা সত্ত্বেও নগদ সহায়তা পরিশোধ করায় সরকারের ১৮৬,১৭,০৫,০৩৪ টাকা আর্থিক ক্ষতি হয়েছে। [বিস্তারিত পরিশিষ্ট-০১ (ক)]।

Apex Footwear Ltd. এর ট্রেড লাইসেন্স, রেজিস্ট্রেশন সার্টিফিকেট (বিডা), ইএক্সপি, ইনভয়েস, পিআরসি, এ্যাপ্লিকেশন ইত্যাদি পর্যালোচনায় দেখা যায় যে, বর্ণিত প্রতিষ্ঠানটি বাংলাদেশ বিনিয়োগ বোর্ড কর্তৃক প্রদত্ত নিবন্ধনের শর্ত মোতাবেক উৎপাদিত পণ্যের ১০০% রপ্তানি করার কথা থাকলেও তা না করে দেশীয় বাজারে পণ্য বাজারজাতকরণ করেছে [বিস্তারিত পরিশিষ্ট-০১ (খ)]। এছাড়াও নিম্নবর্ণিত সার্কুলার এর সংযুক্ত "ফরম-ক" এর প্যারাগ্রাফ (ঙ) অনুসারে আবেদনকারী স্বীয় কারখানায় প্রক্রিয়াকরণ করেছে মর্মে অঙ্গীকার করবেন [বিস্তারিত পরিশিষ্ট-০১ (ঘ)]। উল্লিখিত রপ্তানিকারক "ফরম-ক" অঙ্গীকারনামা স্বাক্ষর করলেও চামড়াজাত পণ্য নিজ কারখানায় প্রক্রিয়াকরণের ও দেশীয় কাঁচামালের কোন প্রমাণক উপস্থাপন করতে পারেনি।

অথচ বাংলাদেশ ব্যাংকের এফই সার্কুলার নং-০৯, তারিখঃ ১৭/০৪/২০০০ খ্রি. এর প্যারাগ্রাফ-১ এবং এফই সার্কুলার নং-০৮, তারিখঃ ০৪/০৪/২০১৬ খ্রি. অনুযায়ী সরকারি সিদ্ধান্ত মোতাবেক ১০০% রপ্তানিমুখী বাংলাদেশি উৎপাদনকারী প্রতিষ্ঠানের উৎপাদিত চামড়াজাত দ্রব্যাদি ০১/০৭/১৯৯৯ খ্রি. হতে ৩০/০৬/২০০০ খ্রি. তারিখ পর্যন্ত সময়কালে জাহাজীকৃত বিদেশে রপ্তানির জন্য নীট এফওবি মূল্য ১০% হারে এই নগদ সহায়তা পরিশোধ্য হইবে। [বিস্তারিত পরিশিষ্ট-০১ (গ)] পরবর্তীকালে ২/৩ বছর পর পর সার্কুলারের মাধ্যমে জাহাজীকরণ/রপ্তানির সময় বৃদ্ধি করা হয়। তবে নগদ সহায়তা প্রদানের ক্ষেত্রে ১০০% রপ্তানিমুখী হওয়ার শর্তটি অপরিবর্তিত রয়েছে। সুতরাং উক্ত প্রতিষ্ঠান কর্তৃক বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা এবং বিনিয়োগ বোর্ডের নিবন্ধনের শর্ত ভঙ্গ করে চামড়াজাত দ্রব্যাদি রপ্তানির বিপরীতে নগদ সহায়তা প্রদান করা হয়েছে, যা ফেরতযোগ্য।

**অনিয়মের কারণঃ**

১. বাংলাদেশ ব্যাংকের এফই সার্কুলার নং-০৯, তারিখঃ ১৭/০৪/২০০০ খ্রি. এর প্যারাগ্রাফ-১ এবং এফই সার্কুলার নং-০৮, তারিখঃ ০৪/০৪/২০১৬ খ্রি. এর নির্দেশনা লঙ্ঘন।

২. বাংলাদেশ বিনিয়োগ বোর্ড কর্তৃক প্রদত্ত নিবন্ধনের শর্ত ভঙ্গ করা।

**নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাবঃ**

নিরীক্ষাকালীন জবাবে দি সিটি ব্যাংক লিঃ, গুলশান শাখা, ঢাকা। কর্তৃক জানানো হয় যে, Apex Footwear Ltd. রপ্তানি পণ্য দেশীয়ভাবে উৎপাদনের প্রমাণস্বরূপ চাহিত দলিলাদি যেমনঃ বন্ডেড ওয়ারহাউজ সনদ, প্রকৃত উৎপাদনের জন্য সংশ্লিষ্ট কর দপ্তর হতে ভ্যাট দাখিলাপত্র, বাংলাদেশ বিনিয়োগ বোর্ড কর্তৃক প্রদত্ত উৎপাদন সক্ষমতা সনদ, লেদার গুডস্ ও ফুটওয়ার এ্যাসোসিয়েশনের প্রত্যয়নপত্র প্রদান করা হয়েছে বিধায় আলোচ্য আপত্তিটি নিষ্পত্তি করার জন্য অনুরোধ করা হলো। পরবর্তীতে ০১/০৩/২০২১ খ্রি. তারিখে ব্রডশীট জবাবে জানানো হয় যে, বিনিয়োগ বোর্ড কর্তৃক প্রদত্ত উৎপাদন সক্ষমতার সনদপত্র এবং এ বিষয়ে বাংলাদেশ ব্যাংকের অনলাইন এক্সপোর্ট মনিটরিং সিস্টেম হতে প্রাপ্ত মোট রপ্তানির ভিত্তিতে ব্যাংক কর্তৃক ইস্যুকৃত সনদপত্র এতদ্সঙ্গে সংযুক্ত করা হলো। বাংলাদেশ ব্যাংকের এফই সার্কুলার নং-০৯, তারিখঃ ১৭/০৪/২০০০ খ্রি. অনুযায়ী চামড়াজাত দ্রব্য রপ্তানির বিপরীতে নগদ সহায়তা প্রাপ্যতার ক্ষেত্রে স্থানীয়ভাবে সংগৃহীত মূল উৎপাদন উপকরণ ব্যবহারের বাধ্যবাধকতা নাই। ফলে চাহিত দলিলাদির মাধ্যমে দেশীয় কাঁচামাল ব্যবহার সম্পর্কে নিশ্চিত হওয়ার বিষয়টি এক্ষেত্রে প্রযোজ্য নয় [বিস্তারিত পরিশিষ্ট-১(ঙ)]।

**নিরীক্ষা মন্তব্যঃ**

জবাব আপত্তি নিষ্পত্তির জন্য সহায়ক নয়। কেননা প্রতিষ্ঠানটি প্রস্তুতকৃত পণ্য ১০০% রপ্তানি করে এ সংক্রান্ত কোন প্রমাণক উপস্থাপন করা হয়নি এবং প্রতিষ্ঠানটির জবাবে যে সমস্ত প্রমাণাদি উল্লেখ করেছে তাতে ১০০% রপ্তানিকারক প্রতিষ্ঠান হিসেবে প্রমাণিত হয়নি। তাছাড়া সারাদেশে বিভিন্ন আউটলেটের মাধ্যমে উৎপাদিত পণ্য স্থানীয়ভাবে বাজারজাত করা হচ্ছে। অধিকন্তু Joint Stock Company কর্তৃক অনুমোদিত Memorandum of Association & Articles of Association এর অনুচ্ছেদ নং-১৩ এর নিবন্ধন শর্ত অনুযায়ী Apex Footwear Limited এর কারখানায় প্রস্তুতকৃত চামড়াজাত দ্রব্য দেশে ও বিদেশে বিপণনের জন্য অনুমোদনকৃত একটি প্রতিষ্ঠান। সে কারণে এই প্রতিষ্ঠানটি শতভাগ রপ্তানিকারক প্রতিষ্ঠান হিসাবে বিবেচিত হওয়ার কোন অবকাশ নেই। সে জন্য পরিশোধকৃত নগদ সহায়তা প্রাপ্য নয়।

**নিরীক্ষার সুপারিশঃ**

অনিয়মিতভাবে নগদ সহায়তা বাবদ পরিশোধকৃত অর্থ আদায় করা আবশ্যক।

**অনুচ্ছেদ নম্বরঃ ০২**

**শিরোনামঃ** অনুমোদনহীন জুট এক্সপোর্ট ব্রোকার এর মাধ্যমে চুক্তি করে প্রদত্ত ব্রোকারেজ কমিশন এর উপর ১৫% ভ্যাট কর্তন না করায় রাজস্ব ক্ষতি ৫,১৯,৯৯,২৯০ (পাঁচ কোটি উনিশ লক্ষ নিরানব্বই হাজার দুইশত নব্বই) টাকা।

**বিবরণঃ**

ওয়ান ব্যাংক লিমিটেড, যশোর শাখা, যশোর এবং ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ, খুলনা শাখা, খুলনা এর ২০১৬-২০১৭ হতে ২০১৯-২০২০ অর্থবছরের নগদ সহায়তার উপর ইস্যুভিত্তিক নিরীক্ষায় দেখা যায় যে, আহাদ জুট স্পিনার্স লিঃ এবং আইয়ান জুট মিলস্ লিঃ-কে অনুমোদনহীন জুট এক্সপোর্ট ব্রোকার এর মাধ্যমে চুক্তি করে প্রদত্ত ব্রোকারেজ কমিশন এর উপর ভ্যাট কর্তন না করায় সরকারের ৫,১৯,৯৯,২৯০ টাকা রাজস্ব ক্ষতি হয়েছে। [বিস্তারিত পরিশিষ্ট-০২ (ক)]।

আহাদ জুট স্পিনার্স লিঃ এবং আইয়ান জুট মিলস্ লিঃ এর ইএক্সপি, বিল অব ল্যাডিং, বিল অব এক্সপোর্ট, Commercial invoice, পিআরসি, আবেদন এবং এ্যাসোসিয়েশন সনদসহ অন্যান্য রেকর্ডপত্রাদি পর্যালোচনা করে দেখা যায় যে, কাপালান জুট লিমিটেড একটি জুট ব্রোকার প্রতিষ্ঠান হিসেবে দীর্ঘদিন যাবত কাজ করছে। প্রতিষ্ঠানটি গত ২০১৬-২০১৭ হতে ২০১৯-২০২০ অর্থবছর সময়কালে আহাদ জুট স্পিনার্স লিঃ এবং আইয়ান জুট মিলস্ লিঃ এর ব্রোকার হিসেবে মোট ৩,৩৩,০৬,১৯,৩২৩+১৩,৬০,০০,০০০= ৩৪৬,৬৬,১৯,৩২৩ কোটি টাকা পাট বা পাটজাত পণ্য রপ্তানিতে সহায়তা করে। যার প্রেক্ষিতে কাপালান জুট লিমিটেড ব্রোকারেজ প্রতিষ্ঠান ব্রোকারেজ কমিশন হিসেবে ৩৪,৬৬,৬১,৯৩২ টাকা গ্রহণ করে। কিন্তু ব্রোকারেজ বাবদ গৃহীত কমিশনের উপর VAT কর্তন করা হয়নি। মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা ৩ (১) অনুসারে ব্রোকারেজ কমিশনের উপর ১৫% VAT আদায় করতে হবে। ব্রোকারেজ কমিশন আদায়কারী ব্যাংক কর্তৃক কমিশনের উপর উৎসে VAT কর্তন না করায় সরকারের ৫,১৯,৯৯,২৯০ টাকা রাজস্ব ক্ষতি হয়েছে।

অধিকন্তু পাট আইন, ২০১৭ এর ধারা-৫ (১) অনুসারে [বিস্তারিত পরিশিষ্ট-০২ (খ)] পাট ও পাটজাত পণ্যের ব্যবসা পরিচালনার জন্য এই ধারার বিধানাবলী সাপেক্ষে, বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে লাইসেন্স গ্রহণ করতে হবে। কিন্তু এক্ষেত্রে কাপালান জুট লিঃ শীর্ষক একটি মিডল বায়ার (মধ্যসত্ত্বভোগী) প্রতিষ্ঠান জুট ব্রোকারিং এর যথাযথ অনুমোদন না নিয়ে এ জাতীয় ব্যবসায় নিয়োজিত হয়ে উক্ত আইনের ৫(১) ধারা লঙ্ঘন করেছে।

**অনিয়মের কারণঃ**

১। মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা ৩ (১) অনুযায়ী ব্রোকারেজ কমিশন এর উপর ১৫% হারে ভ্যাট কর্তন না করা। [বিস্তারিত পরিশিষ্ট-০২ (গ)]।

২। পাট আইন, ২০১৭ এর ধারা-৫ এর লঙ্ঘন করে ব্যবসা পরিচালনা করা।

**নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাবঃ**

নিরীক্ষাকালীন জবাবে জানানো হয় যে, মধ্যবর্তী ক্রেতা এর ব্যাংক প্রত্যাবাসিত মূল্যের উপর নির্ধারিত উৎসে কর কর্তনপূর্বক প্রাপ্য অর্থ মধ্যবর্তী ক্রেতার হিসেবে প্রদান করে থাকে। কতিপয় রপ্তানি চালানের সুইফট কপি এবং সংশ্লিষ্ট মধ্যবর্তী ক্রেতা এর স্বপক্ষে ব্যাংক ভাউচার বিবেচনার জন্য প্রেরণ করা হলো।

**নিরীক্ষা মন্তব্যঃ**

জবাব আপত্তি নিষ্পত্তির জন্য সহায়ক নয়। কারণ ব্যাংক তার জবাবে রপ্তানি প্রত্যাবাসিত মূল্যের উপর নির্ধারিত উৎসে আয়কর কর্তনের বিষয় উল্লেখ করলেও ব্রোকারেজ কমিশনের উপর ভ্যাট কর্তনের বিষয় কোন জবাব প্রদান করেনি। ২৯/১২/২০২০ খ্রি. তারিখ AIR জারির পর ব্যাংক কর্তৃক নিষ্পত্তিমূলক জবাব প্রদান করা হয়নি।

**নিরীক্ষার সুপারিশঃ**

দ্রুত কার্যকরী ব্যবস্থা গ্রহণ করে আপত্তিকৃত অর্থ আদায় করা আবশ্যক। তাছাড়া ব্রোকারেজ প্রতিষ্ঠান হিসেবে ব্যবসা পরিচালনা করার জন্য কাপালান জুট লিঃ কে পাট অধিদপ্তরের রেজিস্ট্রেশন সনদ গ্রহণ করা আবশ্যক।

**অনুচ্ছেদ নম্বরঃ ০৩**

**শিরোনামঃ** রপ্তানিকৃত পণ্য দেশে উৎপাদনের বিষয়ে নিশ্চিত না হয়েই নগদ সহায়তা পরিশোধ করায় আর্থিক ক্ষতি ২,৭৩,৯৪,৩০৬ (দুই কোটি তিয়াত্তর লক্ষ চুরানব্বই হাজার তিনশত ছয়) টাকা।

**বিবরণঃ**

ব্যাংক এশিয়া লিঃ, সিডিএ শাখা, চট্টগ্রাম, ব্যাংক এশিয়া লিঃ, আগ্রাবাদ শাখা, চট্টগ্রাম এবং মার্কেন্টাইল ব্যাংক লিঃ, আগ্রাবাদ শাখা, চট্টগ্রাম কর্তৃক ২০১৬-২০১৭ হতে ২০১৯-২০২০ অর্থবছর পর্যন্ত পরিশোধকৃত নগদ সহায়তার উপর ইস্যুভিত্তিক নিরীক্ষায় দেখা যায় যে, মেসার্স তাজরি সি ফুডস্, চট্টগ্রাম ও মেসার্স সিমার্ক (বিডি) লিমিটেড, চট্টগ্রাম-কে রপ্তানিকৃত পণ্য দেশে উৎপাদনের বিষয়ে নিশ্চিত না হয়েই নগদ সহায়তা পরিশোধ করায় সরকারের ২,৭৩,৯৪,৩০৬ টাকা আর্থিক ক্ষতি হয়েছে। [বিস্তারিত পরিশিষ্ট-০৩ (ক)]।

মেসার্স তাজরি সি ফুডস্, চট্টগ্রাম ও মেসার্স সিমার্ক (বিডি) লিমিটেড, চট্টগ্রাম এর PRC, Bill of Lading, Commercial Invoice ও অন্যান্য রেকর্ডপত্র পর্যালোচনায় দেখা যায় যে, রপ্তানিকৃত চিংড়ি ও অন্যান্য মাছ দেশীয়ভাবে উৎপাদন বা সংগ্রহের কোন দলিল/রেকর্ডপত্র ব্যাংকে দাখিল করেনি। উপরন্তু প্রতিষ্ঠানদ্বয়ের নিজস্ব রপ্তানি প্রক্রিয়াকরণ কারখানার স্বপক্ষেও কোন দলিল নিরীক্ষাকালে পাওয়া যায়নি। শুধু প্রতিষ্ঠানদ্বয়ের অঙ্গীকার নামার উপর ভিত্তি করে রপ্তানিকৃত চিংড়ি ও অন্যান্য মাছ দেশীয়ভাবে উৎপাদিত/সংগৃহীত ধরে নেয়া হয়েছে। সুতরাং দেশীয়ভাবে উৎপাদনের বিষয়টি নিশ্চিত না হয়েই ব্যাংক কর্তৃক নগদ সহায়তা প্রদান করায় এফই সার্কুলার-২৩, তারিখঃ ১২/১২/২০০২ খ্রি. এর নির্দেশনা লঙ্ঘন করা হয়েছে।

বাংলাদেশ ব্যাংকের এফই সার্কুলার নম্বর-২৩, তারিখঃ ১২/১২/২০০২ খ্রি. এর প্যারাগ্রাফ ০১ মোতাবেক "সম্প্রতি সরকার দেশের রপ্তানি বাণিজ্যকে উৎসাহিত করিবার লক্ষ্যে হিমায়িত চিংড়ি ও অন্যান্য মাছ রপ্তানি খাতে নগদ সহায়তা প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে। রপ্তানি পণ্য দেশে উৎপাদিত হইতে হইবে"। [বিস্তারিত পরিশিষ্ট-০৩ (খ)]

বিদেশ হতে চিংড়ি ও মাছ আমদানিতে নিষেধাজ্ঞা না থাকায় ভিন্ন দেশ হতে মাছ আমদানি করে নগদ সহায়তা প্রাপ্তির উদ্দেশ্যে পুনরায় রপ্তানি করা হতে পারে। সে কারণে রপ্তানিকৃত চিংড়ি ও অন্যান্য মাছ বাংলাদেশে উৎপাদিত হয়েছে মর্মে নিশ্চিত হওয়া অত্যাবশ্যক। কিন্তু দেশীয়ভাবে উৎপাদন বা নিজস্ব কারখানায় প্রক্রিয়াকরণ সম্পর্কিত কোন প্রমাণক নিরীক্ষায় উপস্থাপন করা হয়নি।

**অনিয়মের কারণঃ**

বাংলাদেশ ব্যাংকের এফই সার্কুলার নম্বর-২৩, তারিখঃ ১২/১২/২০০২ খ্রি. এর প্যারাগ্রাফ ০১ এর নির্দেশনা লঙ্ঘন।

**নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাবঃ**

নিরীক্ষাকালীন জবাবে ব্যাংক এশিয়া লিঃ, সিডিএ, চট্টগ্রাম এবং আগ্রাবাদ শাখা, চট্টগ্রাম কর্তৃক জানানো হয় যে, বাংলাদেশ ব্যাংক কর্তৃক নিয়োগকৃত অডিট ফার্ম কর্তৃক নিরীক্ষিত প্রত্যয়নের ভিত্তিতে নগদ সহায়তা প্রদান করা হয়েছে বিধায় আপত্তিটি নিষ্পত্তি হিসেবে বিবেচনা করার জন্য অনুরোধ করা হলো।

মার্কেন্টাইল ব্যাংক লিঃ, আগ্রাবাদ শাখা কর্তৃক জানানো হয় যে, এফই সার্কুলার নং-০৭, তারিখঃ ২০/০৮/২০০৪ খ্রি. মোতাবেক নন-প্যাকার রপ্তানিকারকগণ ছোট প্যাকে হিমায়িত চিংড়ি এবং অন্যান্য মাছ রপ্তানির ক্ষেত্রে এফই সার্কুলার নম্বর-২৩, তারিখঃ ১২/১২/২০০২ খ্রি. এর আওতায় ১০% হারে নগদ সহায়তা প্রাপ্য হবেন। তবে

নন-প্যাকার রপ্তানিকারকগণকে তাদের প্রতিটি মৎস্য চালানের জন্য বাংলাদেশ ফ্রোজেন ফুডস্ এক্সপোর্টার্স এ্যাসোসিয়েশন হতে সার্টিফিকেট গ্রহণ করতে হবে এবং মৎস্য অধিদপ্তর কর্তৃক লাইসেন্স প্রাপ্ত মৎস্য রপ্তানিকারক প্রতিষ্ঠান হতে হবে। আমাদের শাখার রপ্তানিকারক মেসার্স তাজরি সি ফুডস্ কর্তৃক হিমায়িত অন্যান্য মাছ রপ্তানির ক্ষেত্রে উত্থাপিত পর্যবেক্ষণ/আপত্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট মৎস্য অধিদপ্তর কর্তৃক লাইসেন্স এর কপি, বাংলাদেশ ফ্রোজেন ফুডস্ এক্সপোর্টার্স এ্যাসোসিয়েশন এর সনদপত্র, এফই সার্কুলার নং-০৭, তারিখঃ ২০/০৮/২০০৪ খ্রি. এর কপি সদয় অবগতির জন্য সংযুক্ত করা হলো। পরবর্তীতে ব্যাংক এশিয়া লিঃ, আগ্রাবাদ শাখা, চট্টগ্রাম কর্তৃক ২৮/২/২০২১ খ্রি. তারিখ ব্রডশীট জবাব প্রদান করা হয় [বিস্তারিত পরিশিষ্ট-০৩ (গ)]।

**নিরীক্ষা মন্তব্যঃ**

জবাব আপত্তি নিষ্পত্তির জন্য সহায়ক নয়। কেননা প্রতিষ্ঠানগুলো দেশীয়ভাবে মৎস্য উৎপাদন এবং নিজস্ব কারখানায় মৎস্য প্রক্রিয়াকরণ করছে সে সম্পর্কিত কোন প্রমাণক নিরীক্ষায় উপস্থাপন করা হয়নি। বাংলাদেশ ব্যাংকের এফই সার্কুলার-২৩ লজ্ঘন করে নগদ সহায়তা প্রদান করা হয়েছে। মার্কেন্টাইল ব্যাংক লিঃ, আগ্রাবাদ শাখা, চট্টগ্রাম এবং ব্যাংক এশিয়া লিঃ, সিডিএ, চট্টগ্রাম এর বিপরীতে ২৯/১২/২০২০ খ্রি. তারিখ AIR জারির পর ব্যাংক কর্তৃক নিষ্পত্তিমূলক জবাব প্রদান করা হয়নি।

**নিরীক্ষার সুপারিশঃ**

অনিয়মিতভাবে নগদ সহায়তা বাবদ পরিশোধকৃত অর্থ আদায় করা আবশ্যক।

**অনুচ্ছেদ নম্বরঃ ০৪**

**শিরোনামঃ** উৎপাদনকারী না হওয়া সত্ত্বেও কৃষিপণ্য রপ্তানির বিপরীতে নগদ সহায়তা প্রদানে আর্থিক ক্ষতি ৭৮,৭৬,৪১৭ (আটাত্তর লক্ষ ছিয়াত্তর হাজার চারশত সতেরো) টাকা ।

**বিবরণঃ**

ওয়ান ব্যাংক লিঃ, আগ্রাবাদ শাখা, চট্টগ্রাম কর্তৃক ২০১৬-২০১৭ হতে ২০১৯-২০২০ অর্থবছর পর্যন্ত সময়কালে পরিশোধকৃত নগদ সহায়তার উপর ইস্যুভিত্তিক নিরীক্ষায় দেখা যায় যে, AIL Bangladesh প্রতিষ্ঠানের নিজস্ব কারখানার অস্তিত্ব না থাকা সত্ত্বেও উক্ত প্রতিষ্ঠানকে কৃষিপণ্য রপ্তানির বিপরীতে নগদ সহায়তা প্রদান করায় সরকারের ৭৮,৭৬,৪১৭ টাকা আর্থিক ক্ষতি হয়েছে। [বিস্তারিত পরিশিষ্ট-০৪ (ক)]।

AIL Bangladesh এর ট্রেড লাইসেন্স, ইএক্সপি, ইনভয়েস, পিআরসি, এ্যাপ্লিকেশন ইত্যাদি পর্যালোচনায় দেখা যায় যে, প্রতিষ্ঠানটি নিজস্ব কারখানা থাকার স্বপক্ষে কোনরূপ দলিল দাখিল করতে পারেনি। সে কারণে প্রতিষ্ঠান কর্তৃক প্রক্রিয়াজাত কৃষিপণ্যগুলো নিজস্ব কারখানায় প্রস্তুত করা হয়েছে মর্মে নিরীক্ষাকালে যাচাই করা সম্ভব হয়নি।

AIL Bangladesh কর্তৃক রপ্তানিকৃত পণ্যসমূহ নিজস্ব কারখানায় প্রস্তুত করার বিষয়ে নিশ্চিত না হয়েই নগদ সহায়তা প্রদান করায় বাংলাদেশ ব্যাংকের এফইপিডি সার্কুলার নং-২৯১, তারিখঃ ১৪/০৭/২০১০ খ্রি. এর নির্দেশনা লঙ্ঘিত হয়েছে। অথচ বাংলাদেশ ব্যাংকের সার্কুলার নং-এফইপিডি (রপ্তানি) ২৯১ (কৃষিপণ্য)/২০১০-৬৩৪, তারিখঃ ১৪/০৭/২০১০ খ্রি. অনুযায়ী শুধু স্বীয় প্রতিষ্ঠানে উৎপাদিত বা প্রক্রিয়াজাত (Agro processing) কৃষিপণ্য রপ্তানির বিপরীতে নগদ সহায়তা সুবিধা উৎপাদনকারী-রপ্তানিকারকগণ প্রাপ্য হবে [বিস্তারিত পরিশিষ্ট-০৪ (খ)]।

**অনিয়মের কারণঃ**

বাংলাদেশ ব্যাংকের সার্কুলার নং-এফইপিডি (রপ্তানি) ২৯১ (কৃষিপণ্য)/২০১০-৬৩৪, তারিখঃ ১৪/০৭/২০১০ খ্রি. এর নির্দেশনা লঙ্ঘন।

**নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাবঃ**

নিরীক্ষাকালীন জবাবে ওয়ান ব্যাংক লিঃ কর্তৃক জানানো হয় যে, সংশ্লিষ্ট রপ্তানিকারক প্রতিষ্ঠানের নিকট হতে আপত্তিকৃত তথ্যাদি চাওয়া হয়েছে এবং সংগৃহীত হলে জবাবের সাথে পরবর্তীতে প্রদান করা হবে।

**নিরীক্ষা মন্তব্যঃ**

জবাব আপত্তি নিষ্পত্তির জন্য সহায়ক নয়। কারণ স্বীয় কারখানায় উৎপাদিত প্রক্রিয়াজাত কৃষিপণ্য রপ্তানি করা হয়েছে মর্মে নিশ্চিত না হওয়া সত্ত্বেও নগদ সহায়তা প্রদান করায় বাংলাদেশ ব্যাংক এর আলোচ্য নির্দেশনা লঙ্ঘন করা হয়েছে। ২৯/১২/২০২০ খ্রি. তারিখ AIR জারির পর ব্যাংক কর্তৃক নিষ্পত্তিমূলক জবাব প্রদান করা হয়নি।

**নিরীক্ষার সুপারিশঃ**

অনিয়মিতভাবে নগদ সহায়তা বাবদ পরিশোধকৃত অর্থ আদায় করা আবশ্যক।

**অনুচ্ছেদ নম্বরঃ ০৫**

**শিরোনামঃ** উৎপাদনকারী না হওয়া সত্ত্বেও গরু-মহিষের নাড়ি, ভুঁড়ি, শিং ও রগ (হাড় ব্যতীত) ইত্যাদি রপ্তানি দেখিয়ে তার বিপরীতে বিধিবহির্ভূতভাবে নগদ সহায়তা প্রদান করায় আর্থিক ক্ষতি ৯৪,২৫,৪৫৬ (চুরানব্বই লক্ষ পঁচিশ হাজার চারশত ছাপ্পান্ন) টাকা।

**বিবরণঃ**

ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ, আন্দরকিল্লা শাখা, চট্টগ্রাম এর ২০১৬-২০১৭ হতে ২০১৯-২০২০ অর্থবছর পর্যন্ত পরিশোধকৃত নগদ সহায়তার উপর ইস্যুভিত্তিক নিরীক্ষায় দেখা যায় যে, রপ্তানিকারক M/S SKYNET SEA FOODS-কে নিজস্ব প্রক্রিয়াকরণ কারখানা না থাকা সত্ত্বেও গরু-মহিষের নাড়ি, ভুঁড়ি, শিং ও রগ (হাড় ব্যতীত) ইত্যাদি রপ্তানির বিপরীতে নগদ সহায়তা পরিশোধ করায় সরকারের ৯৪,২৫,৪৫৬ টাকা আর্থিক ক্ষতি হয়েছে। [বিস্তারিত পরিশিষ্ট-০৫ (ক)]।

M/S SKYNET SEA FOODS এর ট্রেড লাইসেন্স, ইএক্সপি, ইনভয়েস, পিআরসি, এ্যাপ্লিকেশন ইত্যাদি পর্যালোচনায় দেখা যায় যে, প্রতিষ্ঠানটির ব্যাংক এবং রপ্তানি সম্পর্কিত সকল ডকুমেন্ট যাচাই করেও তার নিজস্ব প্রক্রিয়াজাতকরণ কারখানার ঠিকানা পাওয়া যায়নি। তাছাড়া রপ্তানিকৃত পণ্য দেশীয়ভাবে উৎপাদিত কিংবা সংগৃহীত কিনা তার স্বপক্ষেও কোন রেকর্ডপত্র ব্যাংকে সংরক্ষণ করা হয়নি। এমনকি নিরীক্ষাকালে কারখানার অস্তিত্ব সম্পর্কিত রেকর্ডপত্র সরবরাহ করা হয়নি। অথচ বাংলাদেশ ব্যাংকের এফই সার্কুলার নং-২৮, তারিখঃ ২৪/১১/২০১৬ খ্রি. এর প্যারাগ্রাফ নং-০২ মোতাবেক রপ্তানিকারক প্রতিষ্ঠান শুধু নিজস্ব কারখানায় প্রক্রিয়াকরণের মাধ্যমে রপ্তানির ক্ষেত্রে নগদ সহায়তা প্রাপ্য হবে [বিস্তারিত পরিশিষ্ট- ০৫ (খ)]। কিন্তু আলোচ্য ক্ষেত্রে প্রতিষ্ঠানটি ব্যাংকের নিকট নিজস্ব কারখানা সংক্রান্ত কোন ডকুমেন্ট দাখিল করেনি।

**অনিয়মের কারণঃ**

বাংলাদেশ ব্যাংকের এফই সার্কুলার-২৮, তারিখঃ ২৪/১১/২০১৬ খ্রি. এর নির্দেশনা লঙ্ঘন।

**নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাবঃ**

নিরীক্ষাকালীন জবাবে স্থানীয় অফিস কর্তৃক জানানো হয় যে, উল্লিখিত রপ্তানিকারক প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা সংগ্রহ করে Master File এ সংযোজন করে পরবর্তীতে জবাব প্রেরণ করা হবে। পরবর্তীতে ১৩/০৪/২০২১ খ্রি. তারিখে ব্রডশীট জবাবের মাধ্যমে জানায় যে, আমাদের শাখার রপ্তানিকারক M/S SKYNET SEA FOODS COMPANY প্রকৃত উৎপাদনকারী রপ্তানিকারক হিসেবে তথ্য প্রমাণ, প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা বর্তমানে কোম্পানির মাস্টার ফাইলে সংযোজন করা হয়েছে। অতএব, আপত্তিটি নিষ্পত্তির জন্য বিনীত অনুরোধ করা হলো [বিস্তারিত পরিশিষ্ট- ০৫ (গ)]।

**নিরীক্ষা মন্তব্যঃ**

জবাব স্বীকৃতিমূলক। কারণ নিরীক্ষাকালীন সময়ে কারখানা থাকার স্বপক্ষে কোন প্রকার প্রমাণক ব্যাংক কর্তৃক উপস্থাপনে ব্যর্থ হয়েছে। ব্যাংক তার জবাবে কারখানার নাম ও ঠিকানা সংগ্রহ করে পরবর্তীতে জবাব প্রদান করা হবে মর্মে স্বীকৃতি প্রদান করেছে।

পরবর্তীতে ব্যাংক কর্তৃক ১১/০৪/২০২১ খ্রি. তারিখে ব্রডশীট জবাবের মাধ্যমে যে প্রমাণক এ কার্যালয়ে সরবরাহ করা হয়েছে সেখানে কারখানার নাম, ঠিকানা ও অস্তিত্ব সংক্রান্ত কোন প্রমাণক জমা দেয়নি। এক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সম্বলিত প্রমাণক আবশ্যক ছিলো। ব্যাংক কর্তৃক এক্সপোর্ট প্রমোশন ব্যুরো এর Enrolment Certificate (২০১৯-২০ এর জন্য কার্যকর) সংযুক্ত করে [বিস্তারিত পরিশিষ্ট-০৫(ঘ)] যে ব্রডশীট জবাব প্রদান করা হয়েছে, তা আপত্তিটি নিষ্পত্তির জন্য সহায়ক নয়।

**নিরীক্ষার সুপারিশঃ**

অনিয়মিতভাবে নগদ সহায়তা বাবদ পরিশোধকৃত অর্থ আদায় করা আবশ্যক।

**অনুচ্ছেদ নম্বরঃ ০৬**

**শিরোনামঃ** চামড়া রপ্তানির ক্ষেত্রে রপ্তানিকৃত দেশ ভিন্ন অন্য দেশ হতে Advance TT এর মাধ্যমে প্রত্যাবাসিত রপ্তানি মূল্যের উপর নগদ সহায়তা প্রদান করায় আর্থিক ক্ষতি ৫৮,০৬,২৪৭ (আটান্ন লক্ষ ছয় হাজার দুইশত সাতচল্লিশ) টাকা।

**বিবরণঃ**

পূবালী ব্যাংক লিঃ, খুলনা শাখা, খুলনা এর ২০১৮-২০১৯ হতে ২০১৯-২০২০ অর্থবছরে পরিশোধকৃত নগদ সহায়তার উপর ইস্যুভিত্তিক নিরীক্ষায় দেখা যায় যে, সুপারেক্স লেদার লিঃ-কে চামড়া রপ্তানির ক্ষেত্রে আমদানিকারক দেশ ব্যতীত ভিন্ন দেশ হতে Advance TT এর মাধ্যমে প্রত্যাবাসিত রপ্তানি মূল্যের উপর নগদ সহায়তা প্রদান করায় সরকারের ৫৮,০৬,২৪৭ টাকা আর্থিক ক্ষতি হয়েছে। [বিস্তারিত পরিশিষ্ট-০৬ (ক)]।

সুপারেক্স লেদার লিঃ এর আবেদন, ইএক্সপি, কন্ট্রাক্ট, ইনভয়েস, টিটি ও অন্যান্য রেকর্ডপত্র পর্যালোচনায় দেখা যায় যে, সুপারেক্স লেদার লিঃ কর্তৃক চীন, থাইল্যান্ড, লাওস পিডিআর-এ চামড়া ও চামড়া জাতীয় পণ্য রপ্তানি করা হয়। কিন্তু পিআরসি যাচাই করে দেখা যায় যে, হংকং ও তাইওয়ান হতে অগ্রিম টিটি এর মাধ্যমে মূল্য প্রত্যাবাসিত হয়েছে। অথচ হংকং ও তাইওয়ান-এ কোন পণ্য রপ্তানি করা হয়নি। অর্থাৎ চীন, থাইল্যান্ড, লাওস পিডিআর-এ চামড়া ও চামড়া জাতীয় পণ্য রপ্তানি করে ভিন্ন দেশ (হংকং, তাইওয়ান) হতে রপ্তানি মূল্য অগ্রিম টিটি এর মাধ্যমে পরিশোধ করা হয়েছে। এর ফলে বাংলাদেশ ব্যাংক এফই সার্কুলার নং-০৫ লঙ্ঘন করা হয়েছে। বাংলাদেশ ব্যাংকের এফই সার্কুলার নং-০৫, তারখিঃ ০৪/০৫/২০১১ খ্রি. এর প্যারাগ্রাফ-গ অনুসারে চামড়া ও চামড়া জাতীয় পণ্য রপ্তানিতে Advance TT পদ্ধতিতে রপ্তানি আয়ের উপর নগদ সহায়তা প্রদানের ক্ষেত্রে যে দেশে পণ্য রপ্তানি করা হবে কেবল সে দেশ থেকেই মূল্য প্রত্যাবাসন করতে হবে [বিস্তারিত পরিশিষ্ট-০৬ (খ)]।

**অনিয়মের কারণঃ**

বাংলাদেশ ব্যাংকের এফই সার্কুলার নং-০৫, তারিখঃ ০৪/০৫/২০১১ খ্রি., প্যারাগ্রাফ-গ এর ব্যত্যয়।

**নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাবঃ**

নিরীক্ষাকালীন জবাবে পূবালী ব্যাংক লিঃ, খুলনা শাখা কর্তৃক জানানো হয় যে, রপ্তানিকারক সুপারেক্স লেদার লিমিটেড এর কয়েকজন আমদানিকারকের অফিস রপ্তানিকৃত দেশ ব্যতীত ভিন্ন দেশে অবস্থিত হওয়ার কারণে তাদের চুক্তিপত্রে প্রত্যাবাসিত রপ্তানিমূল্য ভিন্ন দেশ থেকে পরিশোধের বিষয়টি উল্লেখ ছিল (চুক্তিপত্র এবং TT কপি সংযুক্ত)। রপ্তানিকারক সুপারেক্স লেদার লিমিটেড এর রপ্তানিমূল্য সঠিক সময়ে প্রত্যাবাসিত হওয়ার দরুন আমাদের দেশের বৈদেশিক মুদ্রার পরিমাণ বৃদ্ধি পেয়েছে। একই সাথে সরকারের রাজস্ব খাত বেগমান হয়েছে। যেহেতু ভিন্ন দেশ থেকে রপ্তানিমূল্য পরিশোধের বিষয় নিয়ে কেন্দ্রীয় ব্যাংক মানি লন্ডারিং বা অবৈধ হিসেবে গণ্য করে না অতঃপর কেন্দ্রীয় ব্যাংকের কোন আপত্তি নাই সেহেতু এই বিষয়টিকে সরকারের আর্থিক ক্ষতি হিসেবে বিবেচনা না করে উক্ত আপত্তি হতে অব্যহতি দেওয়ার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

**নিরীক্ষা মন্তব্যঃ**

জবাব আপত্তি নিষ্পত্তির জন্য সহায়ক নয়। কারণ বাংলাদেশ ব্যাংক এর সার্কুলার অনুযায়ী রপ্তানিকৃত দেশ ভিন্ন অন্য দেশ হতে রপ্তানিমূল্য প্রত্যাবাসিত হলে তার উপর নগদ সহায়তা প্রাপ্য নয়। সে কারণে সুপারেক্স লেদার লিঃ-কে তার রপ্তানি প্রত্যাবাসিত মূল্যের উপর প্রদত্ত নগদ সহায়তা বিধি সম্মত নয় বিধায় তা আদায়যোগ্য। ২৯/১২/২০২০ খ্রি. তারিখ AIR জারির পর ব্যাংক কর্তৃক নিষ্পত্তিমূলক জবাব প্রদান করা হয়নি।

**নিরীক্ষার সুপারিশঃ**

অনিয়মিতভাবে নগদ সহায়তা বাবদ পরিশোধকৃত অর্থ আদায় করা আবশ্যক।

## অনুচ্ছেদ নম্বরঃ ০৭

**শিরোনামঃ** বস্ত্র খাতের নতুন বাজার সম্প্রসারণের ক্ষেত্রে বিধিবহির্ভূতভাবে ০.২৫% অতিরিক্ত নগদ সহায়তা প্রদান করায় আর্থিক ক্ষতি ১৩,৭২,৩৮২ (তের লক্ষ বাহাত্তর হাজার তিনশত বিরাশি) টাকা।

**বিবরণঃ**

ওয়ান ব্যাংক লিঃ এর আগ্রাবাদ শাখা, চট্টগ্রাম এর ২০১৬-২০১৭ হতে ২০১৯-২০২০ অর্থবছর পর্যন্ত পরিশোধকৃত নগদ সহায়তার উপর ইস্যুভিত্তিক নিরীক্ষায় দেখা যায় যে, আনোয়ারা ফ্যাশন, লিগ্যাসি ফ্যাশন, ফ্যাশন ওয়াচ, এশিয়ান এ্যাপারেলস্ শীর্ষক প্রতিষ্ঠানসমূহকে বাংলাদেশ ব্যাংকের এফই সার্কুলার নং-২৫ এর ০২(ক) ব্যত্যয় ঘটিয়ে ০.২৫% বর্ধিত হারের আর্থিক প্রণোদনা প্রদান করায় সরকারের ১৩,৭২,৩৮২ টাকা আর্থিক ক্ষতি হয়েছে। [বিস্তারিত পরিশিষ্ট-০৭ (ক)]

আনোয়ারা ফ্যাশন, লিগ্যাসি ফ্যাশন, ফ্যাশন ওয়াচ, এশিয়ান এ্যাপারেলস্ এর আবেদন, ইএক্সপি, কন্ট্রাক্ট, ইনভয়েস ও অন্যান্য রেকর্ডপত্র পর্যালোচনায় দেখা যায় যে, আনোয়ারা ফ্যাশন, লিগ্যাসি ফ্যাশন, ফ্যাশন ওয়াচ, এশিয়ান এ্যাপারেলস্ কর্তৃক ১০/০৬/২০১৪ খ্রি. তারিখ হতে ২৮/০৬/২০১৫ খ্রি. তারিখের মধ্যে উক্ত পণ্যসমূহ রপ্তানির লক্ষ্যে জাহাজীকরণ করা হয়। কিন্তু বাংলাদেশ ব্যাংক এর সার্কুলার অনুসারে ০১/০১/২০১৪ খ্রি. হতে ০৮/০৬/২০১৪ খ্রি. সময়ের মধ্যে জাহাজীকৃত পণ্যের বিপরীতে আর্থিক প্রণোদনা ০.২৫% হারে প্রাপ্য। অথচ আলোচ্য ক্ষেত্রে নির্ধারিত সময়ের পরে অর্থাৎ ১০/০৬/২০১৪ খ্রি. তারিখের পরে জাহাজীকরণ করা পণ্যের উপর বর্ধিত হারে আর্থিক প্রণোদনা দেয়া হয়েছে। নির্ধারিত সময় অর্থাৎ ০১/০১/২০১৪ খ্রি. হতে ০৮/০৬/২০১৪ খ্রি. তারিখের পরে জাহাজীকৃত পণ্যের বিপরীতে মূল্যের উপর নগদ সহায়তা পরিশোধ করা হয়েছে যা প্রাপ্য নয়। ফলে এ সকল পণ্য রপ্তানিতে অতিরিক্ত ০.২৫% হারে নগদ সহায়তা প্রাপ্য না হওয়া সত্ত্বেও নগদ সহায়তা পরিশোধ করায় বাংলাদেশ ব্যাংক এর এফই সার্কুলার-২৫ এর নির্দেশ লঙ্ঘন করা হয়েছে। বাংলাদেশ ব্যাংকের এফই সার্কুলার নং-২৫ তারিখঃ ০৮/০৬/২০১৪ খ্রি. এর ক্রমিক নং ২(ক) মোতাবেক ০১/০১/২০১৪ খ্রি. হতে ০৮/০৬/২০১৪ খ্রি. সময়ের মধ্যে জাহাজীকৃত পণ্যের বিপরীতে আর্থিক প্রণোদনা ০.২৫% হারে প্রাপ্য [বিস্তারিত পরিশিষ্ট-০৭ (খ)]।

**অনিয়মের কারণঃ**

বাংলাদেশ ব্যাংকের এফই সার্কুলার নং-২৫, তারিখঃ ০৮/০৬/২০১৪ খ্রি. লঙ্ঘন।

**নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাবঃ**

নিরীক্ষাকালীন জবাবে জানানো হয় যে, বাংলাদেশ ব্যাংক কর্তৃক নিয়োগকৃত অডিট ফার্মের ইস্যুকৃত সনদ অনুযায়ী নগদ সহায়তা প্রদান করা হয়েছে। পরবর্তীতে ০৩/০৬/২০২১ খ্রি. ব্রডশীট জবাবে জানানো হয় যে, এফই সার্কুলার নং-২৫/২০১৪ এর অনুচ্ছেদ গ অনুযায়ী জুন ৩০, ২০১৫ পর্যন্ত সময়কালে জাহাজীকৃত পণ্যে রপ্তানির বিপরীতে করা হয়েছে [বিস্তারিত পরিশিষ্ট-০৭ (গ)]।

**নিরীক্ষা মন্তব্যঃ**

জবাব আপত্তি নিষ্পত্তির জন্য সহায়ক নয়। অডিট ফার্ম কর্তৃক নিরীক্ষিত হলেও বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা অমান্য করার সুযোগ নেই। বাংলাদেশ ব্যাংকের এফই সার্কুলার অনুসারে ০৮/০৬/২০১৪ খ্রি. তারিখের পরে জাহাজীকরণ এর ক্ষেত্রে নগদ সহায়তা প্রাপ্য নয়।

**নিরীক্ষার সুপারিশঃ**

অনিয়মিতভাবে নগদ সহায়তা বাবদ পরিশোধকৃত অর্থ আদায় করা আবশ্যক।

**অনুচ্ছেদ নম্বরঃ ০৮**

**শিরোনামঃ** বাংলাদেশ টেক্সটাইল মিলস্ এ্যাসোসিয়েশনের প্রত্যয়নকৃত সুতা দ্বারা উৎপাদনযোগ্য বস্ত্র অপেক্ষা কম বস্ত্র রপ্তানি করা সত্ত্বেও উৎপাদনযোগ্য সম্পূর্ণ বস্ত্র মূল্যের বিপরীতে নগদ সহায়তা প্রদান করায় আর্থিক ক্ষতি ৬,২৯,৩৫০ (ছয় লক্ষ উনত্রিশ হাজার তিনশত পঞ্চাশ) টাকা।

**বিবরণঃ**

শাহজালাল ইসলামী ব্যাংক লিঃ, নারায়ণগঞ্জ শাখা, ওয়ান ব্যাংক লিঃ, কাওরান বাজার শাখা হতে ২০১৬-২০১৭ হতে ২০১৯-২০২০ অর্থবছর পর্যন্ত পরিশোধকৃত নগদ সহায়তার উপর ইস্যুভিত্তিক নিরীক্ষায় দেখা যায় যে, Anowara Fashion Ltd, Anowara Knit Composite, Anowara Cotton Ltd, M/S Argon Denims Ltd. কে বাংলাদেশ টেক্সটাইল মিলস্ এ্যাসোসিয়েশন (বিটিএমএ) এর প্রত্যয়নকৃত সুতা দ্বারা উৎপাদনযোগ্য বস্ত্র অপেক্ষা কম বস্ত্র রপ্তানি করা সত্ত্বেও উৎপাদনযোগ্য সম্পূর্ণ বস্ত্র মূল্যের বিপরীতে অনিয়মিতভাবে নগদ সহায়তা প্রদান করায় সরকারের ৬,২৯,৩৫০ টাকা আর্থিক ক্ষতি হয়েছে। [বিস্তারিত পরিশিষ্ট-০৮ (ক)]

Anowara Fashion Ltd, Anowara Knit Composite, Anowara Cotton Ltd, M/S Argon Denims Ltd. এর আবেদন, ইএক্সপি, কন্ট্রাক্ট, ইনভয়েস ও অন্যান্য রেকর্ডপত্র পর্যালোচনায় দেখা যায় যে, বর্ণিত চারটি রপ্তানিকারক প্রতিষ্ঠান কর্তৃক পোশাক রপ্তানির জন্য এলসির মাধ্যমে ৩,৯৪,৫৮৬ কেজি সুতা সংগ্রহ করা হয়। সংগৃহীত ৩,৯৪,৫৮৬ কেজি সুতা হতে বাংলাদেশ ব্যাংক এর সার্কুলার মোতাবেক সর্বোচ্চ ১৬% অপচয় বিবেচনা করলে ৩,১৩,৫৪২ কেজি পোশাক তৈরি হবে। কিন্তু বর্ণিত প্রতিষ্ঠানগুলো কর্তৃক ২,৮১,৪১৭ কেজি পোশাক তৈরিপূর্বক রপ্তানি করা হয়েছে। ফলে (৩,১৩,৫৪২-২,৮১,৪১৭) =৩২,১২৫ কেজি পোশাক কম রপ্তানি করা হয়। অথচ সংগৃহীত সমুদয় বস্ত্র মূল্যের উপর নগদ সহায়তা প্রদান করা হয়েছে। অর্থাৎ বাংলাদেশ ব্যাংক এর সার্কুলারের নির্দেশনা অনুযায়ী সর্বোচ্চ ১৬% প্রাপ্য হলেও বাস্তবে ২৮% অপচয় দেখানো হয়েছে। ফলে ১২% অপচয়কৃত বস্ত্র মূল্যের উপর ৬,২৯,৩৫০ টাকা নগদ সহায়তা অতিরিক্ত প্রদান করা হয়েছে। বাংলাদেশ ব্যাংক এর এফই সার্কুলার নং-০৩, তারিখঃ ২৪/০১/১৯৯৯ খ্রি. মোতাবেক রপ্তানিমুখী হোসিয়ারি নিটিং শিল্পে সুতা হতে পোশাক তৈরি পর্যন্ত অনূর্ধ ১৬% অপচয় করা যাবে। অর্থাৎ অপচয়ের হারকে ১৬% এর নিচে রাখার শর্তে পূর্ণ হারে নগদ সহায়তা প্রাপ্য [বিস্তারিত পরিশিষ্ট-০৮ (খ)] হবে মর্মে বিধান করা হয়েছে। কিন্তু রপ্তানিকারক প্রতিষ্ঠান উৎপাদনকালে ২৮% পর্যন্ত অপচয় দেখিয়ে মূল্য নির্ধারণ করা সত্ত্বেও নগদ সহায়তা প্রদান করা হয়েছে।

**অনিয়মের কারণঃ**

বাংলাদেশ ব্যাংক এর এফই সার্কুলার নং-০৩, তারিখঃ ২৪/০১/১৯৯৯ খ্রি. এর নির্দেশনা লঙ্ঘন।

**নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাবঃ**

নিরীক্ষাকালীন জবাবে শাহজালাল ইসলামী ব্যাংক লিঃ, নারায়ণগঞ্জ শাখা কর্তৃক জানানো হয় যে, সংশ্লিষ্ট গ্রাহকের নিকট পাঠানো হলো। গ্রাহকের নিকট হতে জবাব পাওয়ার পর, পরবর্তীতে জবাব বা মন্তব্য সংশ্লিষ্ট অডিট অধিদপ্তরে জানানো হবে।

নিরীক্ষাকালীন জবাবে ওয়ান ব্যাংক লিঃ, কাওরানবাজার শাখা কর্তৃক জানানো হয় যে, রপ্তানিমুখী বস্ত্র উৎপাদনে ব্যবহৃত সুতার বিবরণে অসাবধানতা বশত ২৫,০২০ কেজি সুতার পরিবর্তে ২০,০২৫ কেজি সুতা উল্লেখ করা হয়েছে। বিটিএম এর প্রত্যয়নকৃত সুতার সম্পূর্ণ অংশ ব্যবহার করা হয়েছে। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান নির্ধারিত ফরম “ঘ” তে অসাবধানতা বশত ভুল পরিমাণ উল্লেখ করেন।

**নিরীক্ষা মন্তব্যঃ**

শাহজালাল ইসলামী ব্যাংক লিঃ, নারায়ণগঞ্জ শাখার জবাব আপত্তি নিষ্পত্তির জন্য সহায়ক নয়। কেননা বাংলাদেশ ব্যাংক এর এফই সার্কুলার অনুযায়ী নির্ধারিত সর্বোচ্চ ১৬% অপচয় বাদ দেওয়ার পরও রপ্তানিযোগ্য পণ্য অপেক্ষা কম পরিমাণ পোশাক রপ্তানি করা সত্ত্বেও রপ্তানিযোগ্য সম্পূর্ণ বস্ত্র মূল্যের উপর নগদ সহায়তা পরিশোধ করা হয়েছে। সংশ্লিষ্ট ব্যাংক অদ্যাবধি নিষ্পত্তিমূলক জবাব প্রদানে ব্যর্থ হয়েছে।

ওয়ান ব্যাংক লিঃ, কাওরানবাজার শাখা এর জবাব স্বীকৃতিমূলক। কারণ ব্যাংক সঠিকভাবে রপ্তানিকারকের ডকুমেন্ট যাচাই করেনি এবং ব্যাংক আপত্তি নিষ্পত্তি সহায়ক যথাযথ প্রমাণক জমা দেয়নি। ২৯/১২/২০২০ খ্রি. তারিখ AIR জারির পর ব্যাংক কর্তৃক নিষ্পত্তিমূলক জবাব প্রদান করা হয়নি।

**নিরীক্ষার সুপারিশঃ**

অনিয়মিতভাবে নগদ সহায়তা বাবদ পরিশোধকৃত অর্থ আদায় করা আবশ্যক।

### অনুচ্ছেদ নম্বরঃ ০৯

**শিরোনামঃ** অতিরিক্ত নিটিং/ডাইং খরচ দেখিয়ে উৎপাদিত বস্ত্র মূল্য নির্ধারণ করে অতিরিক্ত নগদ সহায়তা প্রদান করায় সরকারের আর্থিক ক্ষতি ৯,৭৪,৫১৯ (নয় লক্ষ চুয়াত্তর হাজার পাঁচশত উনিশ) টাকা।

**বিবরণঃ**

মার্কেন্টাইল ব্যাংক লিঃ, মতিঝিল ও ধানমন্ডি শাখা ও ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, বংশাল শাখা কর্তৃক ২০১৬-২০১৭ হতে ২০১৯-২০২০ অর্থবছর পর্যন্ত পরিশোধকৃত নগদ সহায়তার উপর ইস্যুভিত্তিক নিরীক্ষায় দেখা যায় যে, পেপিলন নিট এপ্যা.(প্রা), Interstoff Apparels Ltd. ও Flaxen Dress Maker Ltd.-কে অতিরিক্ত নিটিং/ডাইং খরচ দেখিয়ে উৎপাদিত বস্ত্র মূল্য নির্ধারণ করে অতিরিক্ত নগদ সহায়তা প্রদান করায় সরকারের ৯,৭৪,৫১৯ টাকা আর্থিক ক্ষতি হয়েছে। [বিস্তারিত পরিশিষ্ট-০৯ (ক)]।

পেপিলন নিট এপ্যা.(প্রা), Interstoff Apparels Ltd. ও Flaxen Dress Maker Ltd. এর আবেদন, ইএক্সপি, কন্ট্রাক্ট, ইনভয়েস ও অন্যান্য রেকর্ডপত্র পর্যালোচনায় দেখা যায় যে, বর্ণিত তিনটি রপ্তানিকারক প্রতিষ্ঠান কর্তৃক একই রপ্তানি ঋণপত্রের (L/C) বিপরীতে বিভিন্ন লটে রপ্তানিযোগ্য একই ধরনের পোশাক উৎপাদনে ভিন্ন ভিন্ন হারে নিটিং ও ডাইং চার্জ দেখানো হয়েছে। আলোচ্য ক্ষেত্রে নিরীক্ষায় একই ধরনের পোশাক রপ্তানিতে ব্যবহৃত বস্ত্রের প্রদর্শিত মূল্যের মধ্যে সর্বনিম্ন নিটিং ও ডাইং চার্জ দেখানো মূল্যটিকে ভিত্তি ধরে অতিরিক্ত উৎপাদন মূল্য হিসাব করা হয়েছে। সে হিসেবে রপ্তানিকারক প্রতিষ্ঠান কর্তৃক প্রকৃত নিটিং ও ডাইং খরচ অপেক্ষা অতিরিক্ত প্রদর্শিত উৎপাদন মূল্য ২,৪৭,৬০,৮১৯ টাকা দেখানো হয়েছে। উক্ত অতিরিক্ত উৎপাদন মূল্য দেখানোর মাধ্যমে তার ভিত্তিতে নগদ সহায়তা প্রদান করায় প্রাপ্যতার অতিরিক্ত ৯,৭৪,৫১৯ টাকা নগদ সহায়তা প্রদান করা হয়েছে, যা আদায়যোগ্য [বিস্তারিত পরিশিষ্ট-০৯ (ক)]।

**অনিয়মের কারণঃ**

একই L/C তে বিভিন্ন লটের রপ্তানিযোগ্য পণ্য একই ধরণের পোশাক উৎপাদনের ভিন্ন ভিন্ন হারে নিটিং ও ডাইং চার্জ প্রদর্শন।

**নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাবঃ**

নিরীক্ষাকালীন জবাবে মার্কেন্টাইল ব্যাংক লিঃ, মতিঝিল শাখা কর্তৃক জানানো হয় যে, নিটিং ও ডাইং এর খরচ কাপড়ের বিভিন্ন রং এর প্রকারভেদ, রং এর ব্র্যান্ড কোম্পানি, রং উৎপাদনকারী দেশ এবং স্থানীয় নিটিং ও ডাইং কারখানার কাজের উপর ভিত্তি করে নির্ধারিত হয়ে থাকে, কখনোই একদর/খরচ হয় না। বিষয়টি অনুমোদিত অডিট ফার্ম কর্তৃক নিশ্চিত হয়ে নগদ সহায়তার পরিশোধের সনদ প্রদান করে এবং তৎপ্রেক্ষিতে শাখা হতে নগদ সহায়তা প্রদান করা হয়।

মার্কেন্টাইল ব্যাংক লিঃ, ধানমন্ডি শাখা জবাবে জানায় ক্রেতা একই চুক্তির অধীনে ভিন্ন ভিন্ন অর্ডারের বিপরীতে ভিন্ন ভিন্ন স্টাইল থাকার কারণে ডাইং খরচ ভিন্ন ভিন্ন হয়ে থাকে। ডাইং খরচ কাপড়ের গুনগত মানের উপর নির্ভরশীল। যার কারণে পোশাকের মূল্য কম-বেশি হয়ে থাকে। এখানে ডাইং এর প্রকৃত খরচ বিবেচনা করেই কাপড়ের মূল্য ধরা হয়েছে। এক্ষেত্রে কোনরূপ নিয়মনীতির ব্যত্যয় ঘটেনি।

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, বংশাল শাখা জবাবে জানায় রপ্তানি চুক্তিপত্র নং-L/C-0003488/01925 & L/C-0003486/01925 এর বিপরীতে ডাইংকৃত সুতার পরিমাণ ৪০,২২২.৫০ কেজি। উক্ত সুতার বিপরীতে ডাইং চার্জ বাবদ $১.৫০ ও রি-ডাইং চার্জ বাবদ $২.০০ মোট $৩.৫০ কেজি ফারিহা ফ্যাশন লিঃ কে প্রদান করা হয়। নিরীক্ষাকালীন সময়ে শুধু ডাইং চার্জ এর প্রত্যয়নপত্র আমলে নিয়ে আপত্তি উপস্থাপন করা হয়। কিন্তু রি-ডাইং চার্জের প্রত্যয়ন পত্রটিও নগদ সহায়তা ফাইলে ছিল। প্রমাণপত্রটি সংযুক্ত করা হয়েছে।

**নিরীক্ষা মন্তব্যঃ**

জবাব আপত্তি নিষ্পত্তির জন্য সহায়ক নয়। কেননা ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, বংশাল শাখা কর্তৃক ব্রডশীট জবাবের মাধ্যমে ৩,৩৩,৪২২.৬৮ টাকার আপত্তির বিপরীতে ৭০,৬৪১ টাকা সরকারি কোষাগারে চালানের মাধ্যমে জমা প্রদান করায় অবশিষ্ট (৩,৩৩,৪৪২.৬৮-৭০,৬৪১) =২,৬২,৭৮২ টাকা আদায়যোগ্য। কারণ অবশিষ্ট ২,৬২,৭৮২ টাকার জন্য নিষ্পত্তিমূলক জবাব ও প্রমাণক প্রেরণ করা হয়নি।

উল্লেখ্য যে, মার্কেন্টাইল ব্যাংক লিঃ, মতিঝিল শাখা ও ধানমন্ডি শাখা কর্তৃক জবাবে জানানো হয় যে, নিটিং ও ডাইং চার্জ কাপড়ের রং, ব্রান্ড, ভিন্ন ভিন্ন অর্ডার ও স্টাইল এর কারণে ভিন্ন ভিন্ন হয়ে থাকে। কিন্তু তাদের জবাবের সমর্থনে Utilization Declaration (UD) এবং নিজস্ব কারখানার লেটার হেড প্যাডে নিটিং ও ডাইং এর প্রকৃত খরচ সম্পর্কিত ঘোষণা বা যথাযথ কোন কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদনের কোন রেকর্ডপত্র উপস্থাপন করা হয়নি।

২৯/১২/২০২০ খ্রি. তারিখ AIR জারির পর মার্কেন্টাইল ব্যাংক লিঃ, মতিঝিল ও ধানমন্ডি শাখা কর্তৃক নিষ্পত্তিমূলক জবাব প্রদান করা হয়নি।

**নিরীক্ষার সুপারিশঃ**

অনিয়মিতভাবে নগদ সহায়তা বাবদ পরিশোধকৃত অর্থ আদায় করা আবশ্যক।

**অনুচ্ছেদ নম্বরঃ ১০**

**শিরোনামঃ** বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (BIDA) এবং প্লাস্টিক দ্রব্য রপ্তানিকারক এ্যাসোসিয়েশন এর সার্টিফিকেট ব্যতীত অনুমোদনহীন উৎপাদিত পণ্য রপ্তানির বিপরীতে নগদ সহায়তা প্রদান করায় সরকারের আর্থিক ক্ষতি ৩,৯৫,৬৩৬ (তিন লক্ষ পঁচানব্বই হাজার ছয়শত ছত্রিশ) টাকা।

**বিবরণঃ**

ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ, খুলনা শাখা, খুলনা এর ২০১৬-২০১৭ হতে ২০১৯-২০২০ অর্থবছরে নগদ সহায়তার উপর ইস্যুভিত্তিক নিরীক্ষায় দেখা যায় যে, Hamko Industries Limited-কে অননুমোদিত পণ্য রপ্তানি এবং এ্যাসোসিয়েশন এর সার্টিফিকেট ব্যতীত নগদ সহায়তা প্রদান করায় সরকারের ৩,৯৫,৬৩৬ টাকা আর্থিক ক্ষতি হয়েছে। [বিস্তারিত পরিশিষ্ট-১০ (ক)]।

Hamko Industries Limited এর BIDA এর নিবন্ধনপত্র, ইএক্সপি, বিল অব ল্যাডিং, বিল অব এক্সপোর্ট, পিআরসি, আবেদন এবং এ্যাসোসিয়েশন সনদসহ অন্যান্য রেকর্ডপত্রাদি পর্যালোচনা করে দেখা যায় যে, প্রতিষ্ঠানটি 'প্লাস্টিক প্রোডাক্টস (ব্যাটারি কনটেইনার)' উৎপাদনের অনুমোদন গ্রহণ করে অনুমোদনহীন প্লাস্টিক গৃহস্থালির পণ্য (বালতি, মগ, চেয়ার, টেবিল) ইত্যাদি উৎপাদন ও রপ্তানি করে নগদ সহায়তা বাবদ ৩,৯৫,৬৩৬ টাকা পরিশোধ করা হয়েছে। কিন্তু বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ আইন, ২০১৬ এর ধারা ১৫ (১) ও ১৫ (৮) অনুযায়ী বাংলাদেশের সকল বেসরকারি প্রতিষ্ঠানকে উৎপাদন ও বিপণনের জন্য BIDA নিবন্ধন গ্রহণ করা বাধ্যতামূলক এবং ঐ প্রতিষ্ঠান কর্তৃক ব্যবসার ধরন পরিবর্তনের ক্ষেত্রে বাধ্যতামূলক BIDA এর পূর্বানুমোদন আবশ্যক [বিস্তারিত পরিশিষ্ট-১০ (খ)]। আলোচ্য ক্ষেত্রে রপ্তানিকারক প্রতিষ্ঠান কর্তৃক ব্যবসার ধরন পরিবর্তন করা হলেও BIDA এর অনুমোদন গ্রহণ করা হয়নি। তাছাড়া Hamko Industries Limited এর বিনিয়োগ বোর্ড এর নিবন্ধন পত্রে প্রতিষ্ঠানের উৎপাদিত পণ্যের ১০০% দেশে বিক্রয়ের অনুমোদন রয়েছে। অর্থাৎ অনুমোদনহীনভাবে উৎপাদিত পণ্য রপ্তানি করা হয়েছে [বিস্তারিত পরিশিষ্ট-১০ (গ)]।

বাংলাদেশ ব্যাংকের এফই সার্কুলার নং-১৪, তারিখঃ ১১/০৪/২০১৬ খ্রি. অনুযায়ী ভর্তুকির আবেদনপত্রের সাথে বাংলাদেশ প্লাস্টিক দ্রব্য প্রস্তুতকারক ও রপ্তানিকারক এ্যাসোসিয়েশন হতে সংযোজিত ছক (ফরম-খ) মোতাবেক সনদপত্র দাখিল করতে হবে। অথচ Hamko Industries Limited তার পণ্য রপ্তানিকাল ২০১৭-২০১৮ ও ২০১৮-২০১৯ অর্থবছরে বাংলাদেশ প্লাস্টিক দ্রব্য প্রস্তুতকারক ও রপ্তানিকারক এ্যাসোসিয়েশন এর সদস্যই ছিল না। উল্লেখ্য যে, Hamko Industries Limited ০২/০৫/২০১৯ খ্রি. তারিখে বাংলাদেশ প্লাস্টিক দ্রব্য প্রস্তুতকারক ও রপ্তানিকারক এ্যাসোসিয়েশন এর সদস্য পদ লাভ করে [বিস্তারিত পরিশিষ্ট-১০ (ঘ)]।

**অনিয়মের কারণঃ**

(ক) বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ আইন, ২০১৬ এর ধারা ১৫(১) ও ১৫(৮) লঙ্ঘন;

(খ) বিনিয়োগ বোর্ডের নিবন্ধনের শর্ত লঙ্ঘন;

(গ) বাংলাদেশ ব্যাংকের এফই সার্কুলার নং-১৪, তারিখঃ ১১/০৪/২০১৬ খ্রি. এর নির্দেশনা লঙ্ঘন।

**নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাবঃ**

নিরীক্ষাকালীন জবাবে নিরীক্ষিত প্রতিষ্ঠান কর্তৃক জানানো হয় যে, Hamko Industries Limited এর উৎপাদিত পণ্যের BIDA কর্তৃক রপ্তানি অনুমোদনের সত্যায়িত কপি ও সংশ্লিষ্ট ইএক্সপিসমূহের Association এর সার্টিফিকেট এতদ্‌সংগে প্রেরণ করা হলো।

**নিরীক্ষা মন্তব্যঃ**

জবাব আপত্তি নিষ্পত্তির জন্য সহায়ক নয়। কেননা, Hamko Industries Limited কর্তৃক 'প্লাস্টিক প্রোডাক্টস (ব্যাটারি কনটেইনার)' উৎপাদনের অনুমোদন গ্রহণ করা হয়। কিন্তু উক্ত প্রতিষ্ঠান প্লাস্টিক গৃহস্থালির পণ্য (বালতি, মগ, চেয়ার, টেবিল) ইত্যাদি উৎপাদন ও রপ্তানি করে। প্রতিষ্ঠানকর্তৃক বিনিয়োগ বোর্ড অনুমোদন পত্রে শুধু স্থানীয় ভাবে ১০০% বাজারজাতকরণ অনুমোদন করা রয়েছে ; কিন্তু রপ্তানির কোন অনুমোদন নেই।

নিরীক্ষাকালীন সময়ে ব্যবসার ধরন পরিবর্তন, বিদেশে পণ্য রপ্তানির সময়ে রপ্তানিকৃত পণ্যের কোন অনুমতি পত্র এবং গৃহস্থালি পণ্য রপ্তানির জন্য সংশ্লিষ্ট এ্যাসোসিয়েশন সদস্যপদ নিরীক্ষায় দাখিল করতে পারেনি।

তাছাড়া আলোচ্য প্রতিষ্ঠানটির বাংলাদেশ প্লাস্টিক দ্রব্যাদি প্রস্তুতকারক ও রপ্তানিকারক হিসেবে ০২/০৫/২০১৯ খ্রি. তারিখের পূর্বে এ্যাসোসিয়েশন এর সদস্যও ছিল না। অর্থাৎ সদস্য পদ ছাড়া রপ্তানি করেছে। ২৯/১২/২০২০ খ্রি. তারিখ AIR জারির পর ব্যাংক কর্তৃক নিষ্পত্তিমূলক জবাব প্রদান করা হয়নি।

**নিরীক্ষার সুপারিশঃ**

অনিয়মিতভাবে নগদ সহায়তা বাবদ পরিশোধকৃত অর্থ আদায় করা আবশ্যক।

### অনুচ্ছেদ নম্বরঃ ১১

**শিরোনামঃ** Bill of Export ইস্যুর পূর্বে পণ্য রপ্তানি প্রদর্শন করে প্রত্যাবাসিত মূল্যের উপর নগদ সহয়তা প্রদান করায় আর্থিক ক্ষতি ৪,৭৪,০৮৭ (চার লক্ষ চুয়াত্তর হাজার সাতাশি) টাকা ।

**বিবরণঃ**

পূবালী ব্যাংক লিঃ, ফরেন এক্সচেঞ্জ শাখা, মতিঝিল, ঢাকা এর ২০১৬-২০১৭ হতে ২০১৯-২০২০ অর্থবছরে পরিশোধকৃত নগদ সহায়তার উপর ইস্যুভিত্তিক নিরীক্ষায় দেখা যায় যে, Habiganj Agro Ltd.-কে Bill of Export ইস্যুর পূর্বে পণ্য রপ্তানি প্রদর্শন করে প্রত্যাবাসিত মূল্যের উপর নগদ সহায়তা প্রদান করায় সরকারের ৪,৭৪,০৮৭ টাকা আর্থিক ক্ষতি হয়েছে।

Habiganj Agro Ltd. এর Sales Contract-PRAN /PBIL/1723(SB)/2018, Date: 28.02.2018 এর ইএক্সপি ফরম, ইনভয়েস, বিল অব ল্যাডিং, বিল অব এক্সপোর্ট, পিআরসি, আবেদন ও সংশ্লিষ্ট দলিলাদি পর্যালোচনায় দেখা যায় যে, Bill of Export No-C6094, Date: 25.03.2018, [বিস্তারিত পরিশিষ্ট-১১ (ক)] এবং Bill of Lading No-1723/2018, Date: 07.03.2018 [বিস্তারিত পরিশিষ্ট-১১ (খ)] অনুযায়ী কৃষিজাত পণ্য ভারতে রপ্তানি দেখানো হয়েছে। Bill of Lading হিসেবে ট্রাক চালানের মাধ্যমে পণ্য পরিবহণের প্রমাণক হিসেবে দাখিল করা হয়েছে। রপ্তানির ক্ষেত্রে কাস্টমস্ কর্তৃপক্ষ কর্তৃক Bill of Export ইস্যু করার পরে Bill of Lading প্রস্তুত করা হয়ে থাকে। কিন্তু আলোচ্য ক্ষেত্রে Bill of Export গ্রহণের ১৮ দিন পূর্বে পণ্য রপ্তানি প্রদর্শন (Bill of Lading) করা হয়েছে। প্রকৃতপক্ষে Bill of Export ইস্যুর পূর্বে Bill of Lading সম্পন্ন করে পণ্য রপ্তানি সম্ভব নয়, যা এক্ষেত্রে সংঘটিত হয়েছে। অধিকন্তু, পিআরসিতে প্রদর্শিত ইনভয়েসের তারিখঃ ০৪/০২/২০১৮ খ্রি. এবং ০১/০৩/২০১৮ খ্রি. অথচ মূল কমার্শিয়াল ইনভয়েসের তারিখঃ ০৫/০৩/২০১৮ খ্রি.। অর্থাৎ মূল কমার্শিয়াল ইনভয়েসের তারিখের সাথে পিআরসিতে প্রদর্শিত ইনভয়েসের তারিখের কোন মিল নেই [বিস্তারিত পরিশিষ্ট-১১ (গ)]। সে কারণে, PRC-তে প্রদর্শিত ইনভয়েসের তারিখ ও মূল কমার্শিয়াল ইনভয়েসের ভিন্নতার ভিত্তিতে প্রতীয়মান হয় যে, রপ্তানিকৃত পণ্য এবং PRC-তে প্রদর্শিত পণ্য এক নয়।

**অনিয়মের কারণঃ**

Bill of Export ইস্যুর পূর্বেই রপ্তানি প্রদর্শন করা সত্ত্বেও রপ্তানিকারক প্রতিষ্ঠানকে নগদ সহায়তা প্রদান করা।

**নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাবঃ**

নিরীক্ষাকালীন জাবাবে জানানো হয় যে, Habiganj Agro Ltd. এর পিআরসিতে Shipment Date ভুলবশত ০৭/০৩/২০১৮ খ্রি. লিপিবদ্ধ করা হয়েছিল যা প্রকৃতপক্ষে হবে ২৫/০৩/২০১৮ খ্রি.। পরবর্তীতে এটি বাংলাদেশ ব্যাংক থেকে সংশোধনপূর্বক সঠিক তথ্য সম্বলিত PRC সংগ্রহ করা হয়েছে যা বিবেচনার জন্য প্রেরণ করা হলো।

**নিরীক্ষা মন্তব্যঃ**

জবাব আপত্তি নিষ্পত্তির জন্য সহায়ক নয়। জবাবের সাথে তারিখের ভুল সম্বলিত EXP, Bill of Export, PRC ও Bill of  Lading এর সংশোধিত কপি সরবরাহ করা হয়নি। প্রিন্টেড অফিসিয়াল EXP, PRC হাতে লেখার মাধ্যমে সংশোধন করা হয়েছে। এক্ষেত্রে প্রতীয়মান হয় যে, এক্সপোর্ট হওয়ার পরবর্তী সময়ে রপ্তানি সংশ্লিষ্ট ডকুমেন্ট প্রস্তুত করা হয়েছে। ২৯/১২/২০২০ খ্রি. তারিখ AIR জারির পর ব্যাংক কর্তৃক নিষ্পত্তিমূলক জবাব প্রদান করা হয়নি।

**নিরীক্ষার সুপারিশঃ**

Bill of Export ইস্যুর পূর্বে পণ্য রপ্তানি করায় Habiganj Agro Ltd.-কে নগদ সহায়তা বাবদ পরিশোধকৃত অর্থ আদায় করা আবশ্যক।

## অনুচ্ছেদ নম্বরঃ ১২

**শিরোনামঃ** রপ্তানি পণ্যে ব্যবহৃত উপকরণ উৎপাদনস্থলে পৌঁছানোর পূর্বেই মালামাল জাহাজীকরণ দেখিয়ে উক্ত পণ্যের বিপরীতে নগদ সহায়তা প্রদান করায় সরকারের আর্থিক ক্ষতি ৫,৮৩,৬৫১ (পাঁচ লক্ষ তিরাশি হাজার ছয় শত একান্ন) টাকা।

**বিবরণঃ**

মার্কেন্টাইল ব্যাংক লিঃ, প্রধান শাখা এবং মার্কেন্টাইল ব্যাংক লিঃ, ধানমন্ডি শাখার ২০১৬-২০১৭ হতে ২০১৯-২০২০ অর্থবছর পর্যন্ত পরিশোধকৃত নগদ সহায়তার উপর ইস্যুভিত্তিক নিরীক্ষায় দেখা যায় যে, Jamuna Denims Weaving Ltd ও Apparels Village Ltd.-কে রপ্তানি পণ্যে ব্যবহৃত উপকরণ উৎপাদনস্থলে পৌঁছানোর পূর্বেই মালামাল জাহাজীকরণ দেখিয়ে উক্ত পণ্যের বিপরীতে নগদ সহায়তা প্রদান করায় সরকারের ৫,৮৩,৬৫১ টাকা আর্থিক ক্ষতি হয়েছে। [বিস্তারিত পরিশিষ্ট-১২ (ক)]।

Jamuna Denims Weaving Ltd ও Apparels Village Ltd. এর ইএক্সপি, বিল অব ল্যাডিং, বিল অব এক্সপোর্ট, পিআরসি, আবেদন এবং এ্যাসোসিয়েশন সনদসহ অন্যান্য রেকর্ডপত্রাদি পর্যালোচনা করে দেখা যায় যে, বর্ণিত পোশাক রপ্তানিকারক প্রতিষ্ঠান কর্তৃক রপ্তানি কার্যসম্পাদনের পরবর্তী সময়ে ব্যাক টু ব্যাক এলসি এর মাধ্যমে রপ্তানিতে ব্যবহারযোগ্য বস্ত্র সংগ্রহ করে তার পরিবর্তে ভিন্ন ব্রান্ডের বস্ত্র ব্যবহার করে উক্ত বস্ত্র মূল্যের বিপরীতে রপ্তানিকারককে নগদ সহায়তা প্রদান করা হয়েছে, যা প্রাপ্য নয়। কেননা রপ্তানি পণ্য উৎপাদনে সরবরাহকৃত বস্ত্র উৎপাদনস্থল/ফ্যাক্টরিতে আসার পূর্বেই পণ্য রপ্তানি করা হয়ে। এতে প্রতীয়মান হয় যে, রপ্তানিকৃত পণ্যে ব্যাক টু ব্যাক এলসির মাধ্যমে স্থানীয়ভাবে সংগৃহীত বস্ত্র ব্যবহৃত হয়নি বিধায় প্রত্যাবাসিত রপ্তানি মূল্যের সাথে নগদ সহায়তার আবেদনপত্রে প্রদর্শিত বস্ত্র মূল্যের কোন সংশ্লিষ্টতা নেই। বাংলাদেশ ব্যাংক এর এফই সার্কুলার নং-০৯, তারিখঃ ০৫/০৩/২০০১ খ্রি. এর প্যারা-০১(ক) অনুসারে তুলা হতে সুতা ও পরবর্তী সকল পর্যায়ের উৎপাদন বাংলাদেশে সম্পাদিত হয়েছে এরূপ রপ্তানির জন্যই কেবল নগদ সহায়তা সুবিধা প্রযোজ্য থাকবে [বিস্তারিত পরিশিষ্ট-১২ (খ)]।

**অনিয়মের কারণঃ**

বাংলাদেশ ব্যাংক এর এফই সার্কুলার নং-০৯, তারিখঃ ০৫/০৩/২০০১ খ্রি. এর প্যারা-০১(ক) এর নির্দেশনা লঙ্ঘন।

**নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাবঃ**

১। মার্কেন্টাইল ব্যাংক লিঃ, প্রধান শাখা কর্তৃক জানানো হয় যে, ২৯/১০/২০১৪ খ্রি. তারিখে ব্যাক টু ব্যাক এলসি খোলা সাপেক্ষে আবেদনকারী মূল রপ্তানিকারককে কয়েক দফায় ৩১/১০/২০১৪ খ্রি. হতে শুরু করে ০৯/১১/২০১৪ খ্রি. পর্যন্ত পণ্য সরবরাহ করে এবং পরবর্তীতে ০৯/১১/২০১৪ খ্রি. তারিখে একটি সমন্বিত ডেলিভারি চালান প্রস্তুত করে। প্রকৃতপক্ষে ৩১/১০/২০১৪ খ্রি. থেকেই পণ্য সরবরাহ শুরু হয়, যা আলোচ্য রপ্তানির বিপরীতে পণ্য জাহাজিকরণের সাথে সামঞ্জস্যপূর্ণ।

২। মার্কেন্টাইল ব্যাংক লিঃ, ধানমন্ডি শাখা কর্তৃক জানানো হয় যে, রপ্তানিকারকের ক্রেতা একটি স্টাইল এর জন্য জাহাজীকরণের সময় কম দিয়ে পোশাক সরবরাহের অর্ডার দিয়েছিল। ক্রেতা কর্তৃক পোশাক সরবরাহের অর্ডার পাওয়ার পর আমরা মৌখিকভাবে (ব্যাক টু ব্যাক ঋণপত্র খোলার শর্তে) অগ্রিম স্থানীয় সরবরাহকারীর নিকট হতে সুতা গ্রহণ করি ও পোশাক প্রস্তুত করে তা রপ্তানি করি যা সচারাচর হয় না। পরবর্তীতে ব্যবহৃত সুতা স্থানীয় ব্যাক টু ব্যাক ঋণপত্র নং-১৭৪৬১৮০৪০০৩২৩ তারিখঃ ০৪/০৪/১৮ মাঃ ডঃ ১৬,৮৬০ এবং রপ্তানি ঋণপত্র 812E1819002300 তারিখঃ ০৭/০৩/২০১৮ এর মাধ্যমে পরিশোধ করা হয়।

**নিরীক্ষা মন্তব্যঃ**

জবাব আপত্তি নিষ্পত্তির জন্য সহায়ক নয়। কেননা রপ্তানিতে ব্যবহৃত বস্ত্র (কাঁচামাল) উৎপাদন স্থলে পৌঁছানোর পূর্বেই রপ্তানি পণ্য (ফিনিসড় প্রডাক্টস্) জাহাজীকরণ সম্পন্ন করা হয়েছে। তাছাড়া মার্কেন্টাইল ব্যাংক লিঃ, ধানমন্ডি শাখা টু ব্যাক এলসি এর প্রোফরমা ইনভয়েস এর মধ্যে ৯৯% কটন ও ১% স্প্যানডেক্স কাপড় সরবরাহ করা হয়েছে কিন্তু রপ্তানি চালানে ৯৮% কটন ও ২% ইলাস্টেন কাপড়ের তৈরি পোশাক রপ্তানি করা হয়েছে। এতে প্রমাণিত হয় যে, ব্যাক টু ব্যাক এলসিতে সরবরাহকৃত কাপড় দ্বারা উৎপাদিত পোশাক রপ্তানি করা হয়নি। ফলে কাপড়ের মূল্যের উপর গৃহীত নগদ সহায়তা প্রাপ্য নয়। ২৯/১২/২০২০ খ্রি. তারিখ AIR জারির পর ব্যাংক কর্তৃক নিষ্পত্তিমূলক জবাব প্রদান করা হয়নি।

**নিরীক্ষার সুপারিশঃ**

অনিয়মিতভাবে নগদ সহায়তা বাবদ পরিশোধকৃত অর্থ আদায় করা আবশ্যক।

তারিখ ঃ ০২ ভাদ্র ১৪২৯ বঙ্গাব্দ
১৭ আগস্ট ২০২২ খ্রিষ্টাব্দ।

মহাপরিচালক
সিভিল অডিট অধিদপ্তর
অডিট কমপ্লেক্স (২য় তলা),
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
ফোনঃ ৮৩৯২৬১৭

মোঃ কামরুল আলম
মহাপরিচালক
সিভিল অডিট অধিদপ্তর
অডিট কমপ্লেক্স (২য় তলা), সেগুনবাগিচা, ঢাকা।

# দ্বিতীয় অংশ

# পরিশিষ্টসমূহ

(i) দি সিটি ব্যাংক লিঃ
গুলশান শাখা, ঢাকা।

Apex Footwear Ltd. এর নগদ সহায়তার বিবরণী নিম্নরূপঃ

| ক্রমিক নং | অর্থবছর | খাত | রপ্তানিকারকের নাম | নগদ সহায়তার পরিমাণ |
|---|---|---|---|---|
| ০১ | ২০১৬-১৭ | চামড়াজাত পণ্য | Apex Footwear Ltd. | ৪২,২৩,২৭,৫৩৪ |
| ০২ | ২০১৭-১৮ | চামড়াজাত পণ্য | Apex Footwear Ltd. | ৪৭,৪১,২৬,৫০০ |
| ০৩ | ২০১৮-১৯ | চামড়াজাত পণ্য | Apex Footwear Ltd. | ৩৯,৮০,৭০,০০০ |
| ০৪ | ২০১৯-২০ | চামড়াজাত পণ্য | Apex Footwear Ltd. | ৫৬,৭১,৮১,০০০ |
| | | | মোট = | ১৮৬,১৭,০৫,০৩৪ |

সারাংশঃ (i) দি সিটি ব্যাংক লিঃ, গুলশান শাখা, ঢাকা। ১৮৬,১৭,০৫,০৩৪

**সর্বমোট= ১৮৬,১৭,০৫,০৩৪**

## পরিশিষ্ট-০১ (খ) বিডা'র স্মারক নং-বিঃ বোঃ/নিঃ ও সঃ-২/১৪/০২, তারিখঃ ০৪/০২/২০১৪ খ্রি.

নং-বিঃ বো

2701

**বিনিয়োগ বোর্ড**
প্রধানমন্ত্রীর কার্যালয়

(যৌথ বিনিয়োগ হতে স্থানীয় বিনিয়োগে রূপান্তর)

### স্থানীয় বিনিয়োগে শিল্প প্রকল্পের নিবন্ধন

| নিবন্ধন সংখ্যা ঃ এল-৬০০৩১৪০২০০২-এইচ<br>তারিখঃ ০২-০২-২০১৪ |
|---|

নং-বিঃ বোঃ/নিঃ ও সঃ-২/১৪/০২

তারিখঃ ০৪-০২-২০১৪

বরাবর
সৈয়দ নাসিম মঞ্জুর, ব্যবস্থাপনা পরিচালক
এপেক্স ফুটওয়্যার লিঃ
বাড়ি নং-৬, রোড নং-১৩৭, ব্লক-এসই (ডি),
গুলশান-১, ঢাকা-১২১২।

প্রিয় মহোদয়/মহোদয়গণ,

আপনার/আপনাদের ১৯-০১-২০১৪ ইং তারিখের আবেদন পত্রে প্রদত্ত তথ্যাদির ভিত্তিতে আপনার/ আপনাদের প্রস্তাবিত/বিদ্যমান শিল্প প্রতিষ্ঠানটি অত্র বোর্ডের অনুমোদনের প্রেক্ষিতে নিম্নরূপভাবে নিবন্ধিত হ'ল ঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ১। | শিল্প প্রকল্পের নাম ঃ এপেক্স ফুটওয়্যার লিঃ | | | |
| ২। | ঠিকানা ঃ | | | |
| | (ক) অফিস ঃ প্লট নং-৬, ব্লক-এসই (ডি), রোড নং- ১৩৭, গুলশান-১, ঢাকা-১২১২। | | | |
| | (খ) কারখানা ঃ ৪২০, চন্দ্রা, সফিপুর, কালিয়াকৈর, গাজীপুর। | | | |
| ৩। | ব্যবস্থাপনা পরিচালক/ব্যবস্থাপনা অংশীদার/স্বত্বাধিকারীর নাম, বর্তমান ও স্থায়ী ঠিকানা, জাতীয়তা, টেলিফোন, ফ্যাক্স এবং ই-মেইল<br>সৈয়দ নাসিম মঞ্জুর, ব্যবস্থাপনা পরিচালক , বাড়ি নং-৬, রোড নং-১৩৭, ব্লক-এসই (ডি), গুলশান-১, ঢাকা-১২১২। | | | |
| ৪। | শিল্পের ধরণ (উপ-খাত) ঃ লেদার ফুটওয়্যার | | | |
| ৫। | উৎপাদন শুরুর তারিখ/ সম্ভাব্য তারিখঃ ১৯৯০ ইং থেকে বিদ্যমান | | | |
| ৬। | বার্ষিক উৎপাদন ক্ষমতা ঃ | | | |
| | পণ্য/সেবার নাম | পরিমান | | মূল্য(মিলিয়ন টাকা) |
| | সকল প্রকার চামড়া জাতীয় জুতা ও জুতার আপার | ১,২০,০০,০০০ জোড়া | | ২৪০০০.০০০ |
| ৭। | বিনিয়োগ ঃ | | | |
| | বিবরণ | মূল্য (মিলিয়ন টাকা) | | |
| | (ক) স্থায়ী বিনিয়োগঃ | স্থানীয় মুদ্রায় | বৈদেশিক মুদ্রায় | মোট |
| | ১ ঃ ভূমি | ১৮৭.৪৬৮ | | ১৮৭.৪৬৮ |
| | ২ ঃ ভবন/শেড | ৭৮১.৪৪০ | | ৭৮১.৪৪০ |
| | ৩ ঃ যন্ত্রপাতি ও সরঞ্জামাদি | - | ৮২৪.০৯০ | ৮২৪.০৯০ |
| | ৪ ঃ অন্যান্য | ১৭৩.৩৪০ | | ১৭৩.৩৪০ |
| | (খ) চলতি মূলধন | - | | - |
| | সর্ব মোট টাকা (মিলিয়ন) ঃ | ১১৪২.২৪৮ | ৮২৪.০৯০ | ১৯৬৬.৩৩৮ |
| ৮। | অর্থায়নের উৎস ঃ | (মিলিয়ন টাকা) | | |
| | উৎস | স্থানীয় মুদ্রায় | বৈদেশিক মুদ্রায় | মোট |
| | (ক) সমমূলধন (ইকুইটি) | ১৫৪৬.৩৩৮ | - | ১৫৪৬.৩৩৮ |
| | (খ) স্থানীয় ঋণ | ৪২০.০০০ | - | ৪২০.০০০ |
| | (গ) বৈদেশিক ঋণ | - | - | - |
| | সর্ব মোট ঃ | ১৯৬৬.৩৩৮ | - | ১৯৬৬.৩৩৮ |

তৌহিদুর রহমান খান
পরিচালক
বিনিয়োগ বোর্ড
প্রধানমন্ত্রীর কার্যালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

BoI
BANGLADESH

বিনিয়োগ বোর্ড, প্রধানমন্ত্রীর কার্যালয়, জীবন বীমা টাওয়ার, ১০ দিলকুশা বা/এ, ঢাকা ১০০০, বাংলাদেশ
ফোন ঃ পি এবি এক্স (৮৮০-২) ৭১৬৯৫৮০-৩, ৯৫৬১৪১৬ ফ্যাক্স ঃ (৮৮০-২) ৯৫৬২৩১২, ইমেইল ঃ service@boi.gov.bd ওয়েব ঃ www.boi.gov.bd

270

| | | | |
|---|---|---|---|
| ৯। | যন্ত্রপাতির বিবরণ ঃ | | |
| | যন্ত্রপাতির তালিকা | সংখ্যা | মূল্য (মিলিয়ন টাকা) |
| | (ক) স্থানীয়ভাবে সংগৃহীত/সংগৃহীতব্য | - | - |
| | (খ) আমদানিকৃত/আমদানিতব্য | তালিকা সংযুক্ত | ৮২৪.০৯০ |
| | সর্ব মোট মূল্যঃ | | ৮২৪.০৯০ |

| ১০। কর্মসংস্থানঃ | স্থানীয় (জন) | বিদেশী (জন) | সর্বমোট (জন) |
|---|---|---|---|
| (ক) ব্যবস্থাপনা | ২৫০ | ২ | ২৫২ |
| (খ) কর্মচারী/শ্রমিক | ৫২০০ | - | ৫২০০ |
| মোট | ৫৪৫০ | ২ | ৫৪৫২ |

| | | | |
|---|---|---|---|
| ১১। | বিপনন ঃ | স্থানীয় ঃ -% | রপ্তানী ঃ ১০০% |

উদ্যোক্তা/উদ্যোক্তাগণের জন্য কতিপয় জ্ঞাতব্য বিষয়ঃ

(ক) প্রকল্প বাস্তবায়নকালে প্রয়োজনীয় জ্ঞাতব্য সেবা/সুবিধাদি প্রাপ্তির ব্যাপারে উদ্যোক্তা/উদ্যোক্তাগণ বিনিয়োগ বোর্ডের সেবা কেন্দ্রে যোগাযোগ করতে পারেন।

(খ) সরকারের শিল্প ও অর্থনৈতিক নীতিমালার আওতায় এবং জাতীয় রাজস্ব বোর্ড ও অন্যান্য সংশ্লিষ্ট সরকারী কর্তৃপক্ষ/ সংস্থা কর্তৃক সময় জারীকৃত বিজ্ঞপ্তির আওতায় শিল্প প্রকল্পসমূহ বিবিধ শুল্ক/কর সুবিধাদি পেতে পারে। এতদ্সংক্রান্ত নীতি এবং বিজ্ঞপ্তির কপি বিনিয়োগ বোর্ডের সেবা কেন্দ্র থেকে সংগ্রহ করা যাবে।

(গ) প্রকল্পের স্থান/অবস্থান চূড়ান্তভাবে নির্ধারণের পূর্বে পরিবেশগত ছাড়পত্র প্রাপ্তির জন্য উদ্যোক্তা/উদ্যোক্তাগণ পরিবেশ অধিদপ্তরের সহিত যোগাযোগ করবেন।

(ঘ) নিম্নবর্ণিত শর্তসমূহের যে কোন শর্ত পালনে ব্যর্থ শিল্প প্রকল্পের নিবন্ধন বিনিয়োগ বোর্ড বাতিল করতে পারবেঃ-

শর্তাবলী ঃ

(১) শিল্প প্রকল্পের মালিকানা অথবা কারখানার অবস্থানের পরিবর্তন যথাশীঘ্রই বিনিয়োগ বোর্ডকে অবহিত করতে হবে;

(২) নিবন্ধন পত্রে প্রদত্ত সময় সীমার মধ্যে প্রকল্প বাস্তবায়নের ব্যর্থ হলে বাস্তবায়নের নির্ধারিত সময় সীমা অতিক্রমের পর পরই নবায়নের জন্য বিনিয়োগ বোর্ডে আবেদন করতে হবে।

(৩) বাধ্যতামূলক সার্টিফিকেশন মার্কস-এর আওতাভুক্ত শিল্প পণ্য বাংলাদেশ ষ্ট্যান্ডার্ড এন্ড টেষ্টিং ইনষ্টিটিউশন (বিএসটিআই) কর্তৃক নির্ধারিত/প্রণীত মানসম্পন্ন হতে হবে এবং বাজারজাত করার পূর্বে বিএসটিআই-এর ছাড়পত্র গ্রহন করতে হবে।

(৪) শিল্প প্রকল্প স্থাপনের পূর্বে বিদ্যমান পরিবেশ আইনের আওতায় পরিবেশ অধিদপ্তর থেকে ছাড়পত্র গ্রহণ করতে হবে।

(৫) সরকারের বিদ্যমান আমদানি নীতির আওতায় মূলধনী যন্ত্রপাতি, খুচরা যন্ত্রাংশ এবং কাঁচামাল/মোড়ক সামগ্রী আমদানি করতে হবে।

(৬) শিল্প প্রকল্প উৎপাদনে যাওয়ার পূর্ব পর্যন্ত প্রতি ৬(ছয়) মাস অন্তর অন্তর পরিচালক (নিবন্ধন ও সহায়তা -২ অধিশাখা)-এর নিকট সংযুক্ত ছক মোতাবেক প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত অগ্রগতির প্রতিবেদন দাখিল করতে হবে। শিল্প প্রকল্প বাণিজ্যিক উৎপাদনে যাওয়ার পর প্রকল্পের উৎপাদন সম্পর্কে বার্ষিক প্রতিবেদন পরিচালক (নীতি ও পরিকল্পনা) -এর নিকট দাখিল করতে হবে।

(৭) নিবন্ধন পত্রের কোন অনুচ্ছেদ পরিবর্তন/পরিবর্ধন /সংশোধনের ক্ষেত্রে সংশোধনী ফি দিয়ে নিবন্ধন পত্র সংশোধন করতে হবে।

(৮) শিল্প প্রতিষ্ঠানের কোনরুপ বর্জ্য পদার্থ পরিশোধন না করে নিকটস্থ কোন নদী, সংযোগ খাল বা সাধারণ জলাধারে নির্গত করা যাবে না।

(৯) অতিরিক্ত শর্তাবলী পরিশিষ্ট 'ক' সংযুক্ত।

(১০) গত ২২-০৩-২০০৭ ইং তারিখের জারীকৃত BOI/R&I-1/4603/2007/346 যৌথ বিনিয়োগে নিবন্ধন পত্র (J-63030703001-H) বাতিল বলে গণ্য হবে।

আপনার/আপনাদের বিশ্বস্ত,

০৩.০২-১৪

তৌ[illegible]র রহমান খান
পরিচালক

অনুলিপিঃ

১। মহা-পরিচালক, পরিবেশ অধিদপ্তর, ই-১৬, আগারগাঁও, শের-এ-বাংলা নগর, ঢাকা।
২। মহা-ব্যবস্থাপক, পরিসংখ্যান পরিদপ্তর, বাংলাদেশ ব্যাংক, ২৯ তলা বিল্ডিং (২৬ তলা), মতিঝিল বা/এ, ঢাকা।
৩-৪। পরিচালক (আই আই এম সি/নীতি ও পরিকল্পনা), বিনিয়োগ বোর্ড, জীবন বীমা টাওয়ার, ১০, দিলকুশা বা/এ, ঢাকা।
৫। পরিচালক, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট বিভাগীয় কার্যালয়, বিনিয়োগ বোর্ড।
৬। মাননীয় নির্বাহী চেয়ারম্যান, বিনিয়োগ বোর্ড-এর একান্ত সচিব, বিনিয়োগ বোর্ড, জীবন বীমা টাওয়ার, ঢাকা।

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

তারিখ ঃ ১৭ এপ্রিল, ২০০০

এফ,ই সার্কুলার নং- ০৯

বৈদেশিক মুদ্রায় লেনদেনের
সকল অনুমোদিত ডিলার

প্রিয় মহোদয়,

**১০০% রপ্তানিমুখী দেশীয় প্রতিষ্ঠান কর্তৃক চামড়াজাত দ্রব্য রপ্তানির বিপরীতে নগদ সহায়তা প্রদান প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে ১৯শে মার্চ, ২০০০ তারিখের ০৬নং এফ,ই সার্কুলারের নির্দেশাবলীর পরিবর্তে নিম্নোক্ত অনুচ্ছেদসমূহের নির্দেশাবলী অনুসরণীয় হইবে ঃ

১৯৯৯-২০০০ অর্থ বৎসরে চামড়াজাত দ্রব্য রপ্তানির বিপরীতে নগদ সহায়তা প্রদানের সরকারী সিদ্ধান্ত মোতাবেক ১০০% রপ্তানিমুখী (রপ্তানি নীতি ১৯৯৭-২০০২ এর ৮.৩.১ ধারায় প্রদত্ত সঙ্গানুযায়ী) বাংলাদেশী উৎপাদনকারী প্রতিষ্ঠানের উৎপাদিত চামড়াজাত দ্রব্যাদি (কেবলমাত্র products manufactured after retanning of pretanned leather, leather products whose price exceeds the ex-leather price and which change tariff head after manufacture এর জন্য) ১লা জুলাই, ১৯৯৯ হইতে ৩০শে জুন, ২০০০ পর্যন্ত সময়কালে জাহাজীকৃত বিদেশে রপ্তানির জন্য প্রত্যাবাসিত নীট এফওবি মূল্যে ১০% হারে এই নগদ সহায়তা পরিশোধ্য হইবে। এই সিদ্ধান্তের সূত্রে মহা-হিসাব নিরীক্ষকের কার্যালয় কর্তৃক প্রদেয় ছাড়ের বিপরীতে সরকারী হিসাব হইবে প্রয়োজনীয় তহবিল সংশ্লিষ্ট চামড়াজাত সামগ্রী উৎপাদনকারী-রপ্তানিকারকগনের প্রত্যক্ষ/প্রচ্ছন্ন রপ্তানির ডকুমেন্টস নিগোসিয়েশন-কারী ব্যাংকসমূহের প্রধান কার্যালয়ের অনুকূলে বাংলাদেশ ব্যাংক হইতে ইমপ্রেষ্ট আকারে আগাম যোগান দেওয়া হইবে। সংশ্লিষ্ট রপ্তানিকারক প্রতিষ্ঠান স্বীয় প্রত্যক্ষ/ প্রচ্ছন্ন রপ্তানি ডকুমেন্টস নিগোসিয়েশনকারী ব্যাংক শাখার নগদ সহায়তার আবেদনপত্র দাখিল করিয়া রপ্তানি মূল্য প্রত্যাবাসিত হওয়ার পর একই শাখা হইতে নগদ সহায়তা পরিশোধ লাভ করিবে। এই পরিশোধ কার্যক্রমে অনুসরণীয় ব্যবস্থা নিম্নের অনুচ্ছেদ সমূহে বিবৃত হইল।

০২। ১লা জুলাই, ১৯৯৯ হইতে ৩০শে জুন, ২০০০ পর্যন্ত জাহাজীকৃত চামড়াজাত সামগ্রী বিদেশে রপ্তানি ডকুমেন্টস নিগোসিয়েশনকারী/কালেকশনে প্রেরণকারী অনুমোদিত ডিলার শাখায় সংশ্লিষ্ট প্রতিষ্ঠান সরাসরি রপ্তানি ক্ষেত্রে **ফরম-ক** ছক মোতাবেক আবেদনপত্র

সুবিন্যস্তরূপে পরিশোধ তারিখের পর অন্যুন তিন বৎসর পর্যন্ত শাখায় সংরক্ষণ করিতে হইবে;যাহাতে বাংলাদেশ ব্যাংকের পরিদর্শন দল/সরকারী হিসাব নিরীক্ষা দলের পরিদর্শন/ নিরীক্ষার জন্য ঐগুলি তাৎক্ষনিকভাবে লভ্য থাকে। সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের পণ্যওয়ারী উৎপাদন ক্ষমতা ও মূলধনী যন্ত্রপাতিসমূহের বিবরণ সম্বলিত সরকারের সংশ্লিষ্ট দপ্তরে নিবন্ধনপত্র/ প্রত্যয়নপত্র প্রতিষ্ঠানের রক্ষিত নথিতে রেকর্ডভুক্ত রাখিতে হইবে এবং বিভিন্ন সময় প্রতিষ্ঠানের দাখিলকৃত নগদ সহায়তার আবেদনে উল্লিখিত চামড়াজাত সামগ্রীর পরিমান প্রতিষ্ঠানটির প্রকৃত উৎপাদন ক্ষমতার সহিত সামঞ্জস্যপূর্ন থাকার বিষয়টি ঐ নিবন্ধনপত্র/প্রত্যয়নপত্রের তথ্যের আলোকে যাচাই করিয়া সন্তুষ্ট হইয়া লইতে হইবে। নগদ সহায়তা পরিশোধের সকল কেস সংশ্লিষ্ট ব্যাংকের অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ কর্তৃক ঘটনাত্তোর ভিত্তিতে নিরীক্ষিত হইবে এবং প্রাপ্যের অতিরিক্ত অংক পরিশোধ হইয়াছে বলিয়া চিহ্নিত কেসে তাৎক্ষনিকভাবে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান হইতে অতিরিক্ত অংক ফেরৎ আদায় সম্পন্ন করিতে হইবে।

০৪। সংশ্লিষ্ট সকল পক্ষকে এতদনুসারে অবহিতকরনের জন্য অনুরোধ করা যাইতেছে।

(খন্দকার খালিদুর রহমান
উপ-মহাব্যবস্থাপক
ফোন- ৯৫৫৪৯৬৮।

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

চৈত্র ২১, ১৪২২
তারিখ ঃ---------------
এপ্রিল ০৪, ২০১৬

এফই সার্কুলার নং- ০৮

বৈদেশিক মুদ্রায় লেনদেনের
সকল অনুমোদিত ডিলার।

প্রিয় মহোদয়গণ,

**১০০% রপ্তানিমুখী দেশীয় প্রতিষ্ঠান কর্তৃক চামড়াজাত দ্রব্য রপ্তানির বিপরীতে নগদ সহায়তা প্রদান প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে জারিকৃত এফই সার্কুলার নং ০৮, তারিখ জুলাই ১৩, ২০১৫ এর ১০ নং অনুচ্ছেদের প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, সরকারী সিদ্ধান্ত অনুযায়ী ২০১৫-২০১৬ অর্থ বছরে জাহাজীকৃত চামড়াজাত দ্রব্য রপ্তানির বিপরীতে ১২.৫০% এর পরিবর্তে ১৫% হারে নগদ সহায়তা প্রযোজ্য হবে।

০২। চলতি ২০১৫-২০১৬ অর্থ বছরে চামড়াজাত দ্রব্য রপ্তানির বিপরীতে ইতোমধ্যে যে সকল আবেদনপত্র নিষ্পত্তি করা হয়েছে তার বিপরীতে অতিরিক্ত ২.৫০% হারে নগদ সহায়তার জন্য এফই সার্কুলার নং-০৯/২০০০ এর আবেদন ফরমে আলোচ্য সার্কুলার জারির ৩০ দিনের মধ্যে আবেদন দাখিল করা যাবে।অনুমোদিত ডিলার ব্যাংক শাখা একই রপ্তানির বিপরীতে ইতোপূর্বে দাখিলকৃত আবেদনপত্রের স্বপক্ষে ইস্যুকৃত নিরীক্ষা সনদপত্রের ভিত্তিতে উক্ত দাবি নিষ্পত্তি করবে।

০৩। চামড়াজাত দ্রব্য রপ্তানির ক্ষেত্রে সকল এফই সার্কুলার/সার্কুলারপত্রের প্রযোজ্য নির্দেশনাবলী যথারীতি অপরিবর্তিত থাকবে।

সংশ্লিষ্ট সকল পক্ষকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ জাকির হোসেন চৌধুরী)
উপ-মহাব্যবস্থাপক
ফোন ঃ ৯৫৩০২৫০

# পরিশিষ্ট-০১ (ঘ) রপ্তানি কারকের অঙ্গীকার নামা

ফরম- 'ক'

(অনুচ্ছেদ ০২ এফই সার্কুলার নং ০৯/২০০০ দ্রষ্টব্য)

**দেশীয় প্রতিষ্ঠান কর্তক স্বীয় উৎপাদিত চামড়াজাত দ্রব্যাদি রপ্তানির বিপরীতে নগদ সহায়তার আবেদনপত্র।**

(ক) আবেদনকারীর প্রতিষ্ঠানের নাম, ঠিকানা, রপ্তানি নিবন্ধন সনদপত্র নম্বর ..... ........ ...

(খ) রপ্তানি ঋণপত্রের নম্বর, তারিখ ও এফওবি/সিএন্ডএফ মূল্য ...................... .......
(ঋণপত্রের পাঠযোগ্য সত্যায়িত কপি দাখিল করিতে হইবে)

(গ) রপ্তানি চালানের বিবরণ ঃ

| রপ্তানিকৃত পণ্যের বর্ননা | পরিমান | ইনভয়েস মূল্য (বৈদেশিক মুদ্রায়) | জাহাজীকরনের তারিখ | ইএক্সপি নম্বর | বৈদেশিক মুদ্রায় প্রত্যাবাসিত রপ্তানি মূল্য ও প্রত্যাবাসনের তারিখ |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |

(রপ্তানি ইনভয়েস, প্যাকিং লিষ্ট এবং বিল অব লোডিং/এয়ারওয়ে বিল ইত্যাদির সত্যায়িত পাঠযোগ্য কপি এবং মূল রপ্তানিমূল্য প্রত্যাবাসন সনদপত্র (পিআরসি) দাখিল করিতে হইবে)।

(ঘ) নগদ সহায়তার আবেদনকৃত অংক ঃ

মার্কিন ডলারে

| প্রত্যাবাসিত রপ্তানি মূল্য (বৈদেশিক মুদ্রায়) | সিএন্ডএফ রপ্তানির ক্ষেত্রে পরিশোধিত জাহাজ ভাড়া | এক্সপোর্ট ক্লেইম কমিশন বাবদ বিদেশে পরিশোধ্য অংক (যদি থাকে) | বৈদেশিক মুদ্রায় নীট এফওবি মূল্য (১)-(২+৩) | প্রাপ্য রপ্তানি ভর্তুকি (৪) × ১০/১০০ |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |

(সিএন্ড এফ রপ্তানির ক্ষেত্রে পরিশোধিত জাহাজ ভাড়ার উল্লেখ সম্বলিত ফ্রেইট সার্টিফিকেটের সত্যায়িত কপি দাখিল করিতে হইবে)।

(ঙ) আবেদনকারী প্রতিষ্ঠানের প্রত্যয়ন ঃ

প্রত্যয়ন করা যাইতেছে যে, আমাদের স্বীয় প্রতিষ্ঠানে উৎপাদিত চামড়াজাত সামগ্রী রপ্তানির বিপরীতে নগদ সহায়তার আবেদন করা হইতেছে। এই আবেদনপত্রে প্রদত্ত তথ্যাদি/ঘোষনা ভবিষ্যতে অসত্য প্রমানিত হওয়ার ক্ষেত্রে প্রদত্ত নগদ সহায়তার সমুদয় বা অংশ বিশেষ আমাদের হিসাব/আমাদের নিকট হইতে ফেরত লওয়া যাইবে। এই রপ্তানির বিপরীতে পরবর্তীতে এক্সপোর্ট ক্লেইম বাবদ বিদেশে কোনও রেমিট্যান্স সম্পাদনের ক্ষেত্রে এই আবেদনের বিপরীতে পরিশোধিত নগদ সহায়তা হইতে প্রয়োজনীয় সমন্বয় বাবদ আমাদের হিসাব/আমাদের নিকট হইতে আদায় করা যাইবে

তারিখ ঃ --------------------------- ------------------------------------------

আবেদনকারী প্রতিষ্ঠানের স্বত্ত্বাধিকারী/
ক্ষমতাপ্রাপ্ত নির্বাহীর স্বাক্ষর ও পদবী।

বিশেষ দ্রষ্টব্য ঃ রপ্তানিমূল্য প্রত্যাবাসিত হওয়ার পূর্বেই অর্থাৎ রপ্তানি ডকুমেন্ট নিগোসিয়েশন/কালেকশনে প্রেরনের পর্যায়েই বিকল্প নগদ সহায়তার আবেদন পত্র অন্যান্য কাগজপত্রসহ সংশ্লিষ্ট ব্যাংক শাখা গ্রহণ করিতে পারে, তবে মূল রপ্তানিমূল্য প্রত্যাবাসনের পর সর্বোচ্চ ৩০০ দিন মেয়াদের মধ্যে এইরূপ আবেদন গ্রহণ করা যাইবে। রপ্তানিমূল্য প্রত্যাবাসনের পর শাখার ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষরে রপ্তানিমূল্য প্রত্যাবাসন সনদপত্র (PRC) ইস্যু করাইয়া আবেদনপত্রের সহিত শাখা কর্তৃক সংযোজন করিতে হইবে, আবেদনপত্রের (ঘ) ও (ঙ) অংশে রপ্তানিমূল্য প্রত্যাবাসন সম্পর্কিত তথ্যাদিও শাখা কর্তৃক লিপিবদ্ধ করিতে হইবে। নগদ সহায়তা পরিশোধের অনুমোদন প্রদানকারী কর্মকর্তা ও রপ্তানিমূল্য প্রত্যাবাসন সনদপত্র (PRC) স্বাক্ষরকারী কর্মকর্তা ভিন্ন ভিন্ন ব্যক্তি হইবেন।

## পরিশিষ্ট-০১ (ঙ) নিরীক্ষিত প্রতিষ্ঠানের বিস্তারিত জবাব

Apex Footwear Ltd. এর অনুকূলে চামড়াজাত দ্রব্য রপ্তানির বিপরীতে নগদ সহায়তা প্রদানের ক্ষেত্রে নিজস্ব কারখানায় উৎপাদনের বিষয়টি তৎকালিন বিনিয়োগ বোর্ডের নিবন্ধন পত্র নং-এল ৬৩০৩১৪০২০০২-এইচ, তারিখঃ ০৪/০২/২০১৪ খ্রি. এবং তৎপরবর্তী সংশোধন পত্র নং-বিঃবোঃ/নিঃ ও সঃ-২/১৪/৯০৯, তারিখঃ ০৫/০৬/২০১৪ খ্রি. অনুযায়ী বর্ণিত উৎপাদন ক্ষমতার সাথে রপ্তানির পরিমাণ যাচাইকরণের মাধ্যমে নিশ্চিত করা হয়। বিনিয়োগ বোর্ড কর্তৃক প্রদত্ত উৎপাদন ক্ষমতার সনদপত্র এবং এ বিষয়ে বাংলাদেশ ব্যাংকের অনলাইন এক্সপোর্ট মনিটরিং সিস্টেম হতে প্রাপ্ত মোট রপ্তানির ভিত্তিতে ব্যাংক কর্তৃক ইস্যুকৃত সনদপত্র এতদ্সঙ্গে সংযুক্ত করা হলো।

এফই সার্কুলার নং-০৯, তারিখঃ ১৭/০৪/২০০০ খ্রি. অনুযায়ী চামড়াজাত দ্রব্য রপ্তানির বিপরীতে নগদ সহায়তা প্রাপ্যতার ক্ষেত্রে স্থানীয়ভাবে সংগৃহীত মূল উৎপাদন উপকরণ ব্যবহারের বাধ্যবাধকতা নাই। ফলে চাহিত দলিলাদির মাধ্যমে দেশীয় কাঁচামাল ব্যবহার সম্পর্কে নিশ্চিত হবার বিষয়টি এক্ষেত্রে প্রযোজ্য নয়। এ বিষয়ে সংশ্লিষ্ট এ্যাসোসিয়েশন "লেদার গুডস্ এন্ড ফুটওয়্যার ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এ্যাসোসিয়েশন অব বাংলাদেশ" এবং অডিট ফার্ম "রহমান রহমান হক" ও "হুদা ভাসি চৌধুরী এন্ড কোং" এর মতামত সংযুক্ত করা হলো। এছাড়া আপনাদের অনুরোধের প্রেক্ষিতে নিম্নবর্ণিত দলিলাদি আপনাদের সদয় অবগতির জন্য সংযুক্ত করা হলোঃ-

ক) স্থানীয় ভ্যাট অফিসে প্রদত্ত ভ্যাট দাখিলাপত্র।

খ) রপ্তানি আয়ের উপর নগদ সহায়তা প্রদর্শনের বিপরীতে আয়কর দাখিতকৃত বছরভিত্তিক আয়কর রিটার্ন।

গ) ব্যবসার ধরণ নিশ্চিতকল্পে ট্রেড লাইসেন্সের কপি ও Annual Report.

এক্ষেত্রে প্রযোজ্য আইন এবং নির্দেশনা অনুযায়ী পরিশোধ করায় এপেক্স ফুটওয়্যার লিঃ এর ক্ষেত্রে কোনো অনিয়মিত নগদ সহায়তা পরিশোধিত হয়নি।

উপরোক্ত তথ্য ও দলিলাদি বিবেচনায় অডিট আপত্তি নিষ্পত্তির জন্য বিনীত অনুরোধ জানাচ্ছি।

**পরিশিষ্ট-০২ (ক) (অনুচ্ছেদ নং-০২)**

ব্রোকারেজ কমিশনের উপর মূল্য সংযোজন কর কর্তন না করার বিবরণী :

(i) ওয়ান ব্যাংক লিঃ
যশোর শাখা, যশোর।
আহাদ জুট স্পিনার্স কর্তৃক কাপলান এর মাধ্যমে রপ্তানিকৃত পাটজাত পণ্যের প্রত্যাবাসিত মূল্য ও নগদ সহায়তার পরিমাণ:

| ক্র: নং | অর্থবছর | মিড বায়ার প্রতিষ্ঠান | মোট রপ্তানির পরিমাণ | নগদ সহায়তার হার | নগদ সহায়তার পরিমাণ |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ০১ | ২০১৬-১৭ | কাপলান জুট লিঃ | ৭৬৮১০২০০০ | ০.০৭ | ৫৩৭৬৭১৪০ |
| ০২ | ২০১৭-১৮ | কাপলান জুট লিঃ | ৯০৪৮১৭১৪৩ | ০.০৭ | ৬৩৩৩৭২০০ |
| ০৩ | ২০১৮-১৯ | কাপলান জুট লিঃ | ৩৬৭৬২০০০০ | ০.০৫ | ১৮৩৮১০০০ |
| ০৪ | ২০১৯-২০ | কাপলান জুট লিঃ | ১২৯০০৮০১৮০ | ০.০৫ | ৬৪৫০৪০০৯ |
| | | **মোট =** | **৩৩৩,০৬,১৯,৩২৩** | | |

| মোট রপ্তানির পরিমাণ | ব্রোকারেজ কমিশন (১০%) | ব্রোকারেজ কমিশনের উপর ভ্যাট (১৫%) |
|---|---|---|
| ৩৩৩,০৬,১৯,৩২৩ | ৩৩,৩০,৬১,৯৩২ | ৪,৯৯,৫৯,২৯০ |

(ii) ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ
খুলনা শাখা, খুলনা।
আইয়ান জুট মিলস্ কর্তৃক কাপলান এর মাধ্যমে রপ্তানিকৃত পাটজাত পণ্যের প্রত্যাবাসিত মূল্য ও নগদ সহায়তার পরিমাণঃ

| ক্রঃ নং | অর্থবছর | মিড বায়ার প্রতিষ্ঠান | মোট রপ্তানির পরিমাণ | নগদ সহায়তার হার | নগদ সহায়তার পরিমাণ |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ০১ | ২০১৯-২০ | কাপলান জুট লিঃ | ৭,২০,০০,০০০ | ০.০৫ | ৩৬,০০,০০০ |
| ০২ | ২০১৮-১৯ | কাপলান জুট লিঃ | ৬,৪০,০০,০০০ | ০.০৫ | ৩২,০০,০০০ |
| | | মোট = | ১৩,৬০,০০,০০০ | | |

| মোট রপ্তানির পরিমাণ | ব্রোকারেজ কমিশন (১০%) | ব্রোকারেজ কমিশনের উপর ভ্যাট (১৫%) |
|---|---|---|
| ১৩,৬০,০০,০০০ | ১,৩৬,০০,০০০ | ২০,৪০,০০০ |

**<u>ব্রোকারেজ কমিশনের সারাংশঃ</u>**

| | |
|---|---|
| (i) ওয়ান ব্যাংক লিঃ, যশোর শাখা, যশোর। | ৩৩,৩০,৬১,৯৩২ |
| (ii) ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ, খুলনা শাখা, খুলনা। | ১,৩৬,০০,০০০ |
| **সর্বমোট=** | **৩৪,৬৬,৬১,৯৩২** |

**ব্রোকারেজ কমিশনের উপর মূল্য সংযোজন কর কর্তন না করার সারাংশঃ**

| | |
|---|---|
| (i) ওয়ান ব্যাংক লিঃ, যশোর শাখা, যশোর। | ৪,৯৯,৫৯,২৯০ |
| (ii) ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ, খুলনা শাখা, খুলনা। | ২০,৪০,০০০ |
| **সর্বমোট=** | **৫,১৯,৯৯,২৯০** |

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, ফেব্রুয়ারি ১৯, ২০১৭

## বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ০৭ ফাল্গুন, ১৪২৩/১৯ ফেব্রুয়ারি, ২০১৭

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ০৭ ফাল্গুন, ১৪২৩ মোতাবেক ১৯ ফেব্রুয়ারি, ২০১৭ তারিখে রাষ্ট্রপতির সম্মতিলাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা যাইতেছে :–

## ২০১৭ সনের ০৫ নং আইন

### Jute Ordinance, 1962 রহিতক্রমে উহা সুসংহতকরণ এবং পাটের উৎপাদন ও ব্যবহার বৃদ্ধি, চাষ সম্প্রসারণ, গুণগত মান উন্নয়ন, পাট শিল্পের বিকাশ ও গবেষণা কার্যক্রম পরিচালনা এবং প্রয়োজনীয় অন্যান্য বিষয়ে বিধান প্রণয়নকল্পে প্রণীত আইন

যেহেতু Jute Ordinance, 1962 (Ordinance No. LXXIV of 1962) রহিতক্রমে উহা সুসংহত করিয়া এবং পাটের উৎপাদন ও ব্যবহার বৃদ্ধি, চাষ সম্প্রসারণ, গুণগত মান উন্নয়ন, পাট শিল্পের বিকাশ ও গবেষণা কার্যক্রম পরিচালনা এবং প্রয়োজনীয় অন্যান্য বিষয়ে বিধান প্রণয়ন করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু, এতদ্দ্বারা নিম্নরূপ আইন করা হইল :—

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই আইন পাট আইন, ২০১৭ নামে অভিহিত হইবে।

(২) সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, যে তারিখ নির্ধারণ করিবে সেই তারিখে এই আইন কার্যকর হইবে।


মূল্য : টাকা ১২.০০

(গ) দেশের অভ্যন্তরে ও বিদেশে পাট ও পাটজাত পণ্য পরিবহন এবং জাহাজীকরণ সংক্রান্ত ব্যবস্থাপনায় সহায়তাকরণ;

(ঘ) ব্যবসায়ী এবং প্রেস মালিকগণকে লাইসেন্স প্রদান, নবায়ন এবং স্থগিত বা বাতিলকরণ;

(ঙ) পাট ও পাটজাত পণ্য উৎপাদন, বিপণন ও রপ্তানি সংক্রান্ত বিষয়ে পরিসংখ্যান সংগ্রহ, সংকলন এবং প্রচার; এবং

(চ) প্রয়োজনীয় ক্ষেত্রে পাট ব্যবসা সংক্রান্ত কোন ব্যবসা প্রতিষ্ঠান অধিগ্রহণ, পরিচালনা বা ব্যবস্থাপনার দায়িত্ব গ্রহণ।

(২) সরকার, সময় সময়, নিম্নবর্ণিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে, যথা :—

(ক) পাট ও পাটজাত পণ্যের গুণগতমান ও শ্রেণি বিন্যাসকরণ;

(খ) মূল্য স্থিতিকরণ, জরুরি মজুদ কার্যক্রম বা রাষ্ট্রীয়ভাবে পাটের ব্যবসা পরিচালনার জন্য প্রয়োজনীয় কর্মসূচি গ্রহণ; এবং

(গ) মূল্য স্থিতিকরণ বা সহায়ক কর্মসূচি, জরুরি মজুদ কার্যক্রম বা রাষ্ট্রীয়ভাবে পাটের ব্যবসা কার্যক্রম হইতে সরকারের পক্ষে বা বিপক্ষে উদ্ভূত কোন দাবির নিষ্পত্তি।

৫। **লাইসেন্স প্রদান।**—(১) পাট ও পাটজাত পণ্যের ব্যবসা পরিচালনার জন্য, এই ধারার বিধানাবলি সাপেক্ষে, বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে, লাইসেন্স গ্রহণ করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, কোন পাট চাষি কর্তৃক তাহার নিজ উৎপাদিত পাট বিক্রয় করিবার ক্ষেত্রে কোন লাইসেন্স গ্রহণের প্রয়োজন হইবে না। তবে তিনি সরাসরি রপ্তানি করিতে চাহিলে সেই ক্ষেত্রে লাইসেন্স গ্রহণ করিতে হইবে।

(২) সকল ব্যবসায়ী এবং প্রেস মালিককে পাট ব্যবসা পরিচালনার জন্য লাইসেন্স গ্রহণ করিতে হইবে।

(৩) এই আইনের অধীন প্রদত্ত লাইসেন্সে প্রয়োজনীয় শর্তের উল্লেখ থাকিবে।

(৪) উপ-ধারা (৩) এর অধীন প্রদত্ত শর্তানুযায়ী পাট ব্যবসা পরিচালনা করিতে হইবে।

(৫) এই আইনের অধীন প্রদত্ত লাইসেন্স হস্তান্তরযোগ্য হইবে না।

(৬) এই আইনের অধীন প্রদত্ত লাইসেন্সের মেয়াদ সংশ্লিষ্ট আর্থিক বৎসরের শেষাবধি বলবৎ থাকিবে এবং বিধি দ্বারা নির্ধারিত সময়ের মধ্যে বৎসর ভিত্তিক নবায়ন করিতে হইবে।

## অধ্যায় ২ : মূল্য সংযোজন কর আইন, ১৯৯১

[১][২ক। আইনের প্রাধান্য।— আপাততঃ বলবৎ অন্য কোন আইন, বিধি, প্রবিধান, চুক্তি বা আইনের ক্ষমতাসম্পন্ন অন্য কোন দলিলে যাহা কিছুই থাকুক না কেন, এই আইনের বিধানাবলী প্রাধান্য পাইবে।]

৩। মূল্য সংযোজন কর আরোপ।—(১) প্রথম তফসিলে উল্লিখিত পণ্যসমূহ ব্যতীত বাংলাদেশে আমদানিকৃত সকল পণ্য এবং উক্ত তফসিলে উল্লিখিত পণ্যসমূহ ব্যতীত সকল পণ্যের সরবরাহের উপর এবং [২][দ্বিতীয় তফসিলে উল্লিখিত সেবাসমূহ ব্যতীত [৩][বাংলাদেশে আমদানিকৃত বা] [৪][বাংলাদেশে প্রদত্ত] সকল সেবার উপর ধারা ৫ এ বর্ণিত মূল্যের ভিত্তিতে পনের শতাংশ হারে মূল্য সংযোজন কর ধার্য ও প্রদেয় হইবে।

(২) উপ-ধারা (১) এ যাহা কিছুই থাকুক না কেন, নিম্নবর্ণিত পণ্য বা সেবার উপর শূন্য হারে কর আরোপিত হইবে; যথা:

(ক) বাংলাদেশ হইতে রপ্তানিকৃত বা রপ্তানিকৃত বলিয়া গণ্য কোন পণ্য বা সেবা;

[৫][(কক) ***]

---

[১] অর্থ আইন, ২০১১ (২০১১ সনের ১২ নং আইন) এর ধারা ৬৩ বলে সন্নিবেশিত।

[২] অর্থ আইন, ২০০০ (২০০০ সনের ১৫ নং আইন) এর ধারা ৮৬(ক) বলে "দ্বিতীয় তফসিলে উল্লিখিত" শব্দগুলির পরিবর্তে প্রতিস্থাপিত।

[৩] অর্থ আইন, ২০১২ (২০১২ সনের ২৬ নং আইন) এর ধারা ৫৯ বলে সন্নিবেশিত।

[৪] অর্থ আইন, ১৯৯৮ (১৯৯৮ সনের ১৪ নং আইন) এর ধারা ২(৩) বলে সন্নিবেশিত।

[৫] অর্থ আইন, ২০১০ (২০১০ সনের ৩৩ নং আইন) এর ধারা ৭২(ক)(অ) বলে বিলুপ্ত।

(i) ব্যাংক এশিয়া লিঃ
আগ্রাবাদ শাখা, চট্টগ্রাম।
মেসার্স সিমার্ক (বিডি) লিঃ কর্তৃক ২০১৬-১৭ হতে ২০১৯-২০ অর্থবছরে গৃহীত নগদ সহায়তার পরিমাণ  নিম্নরূপঃ

| ক্রমিক নং | অর্থবছর | নগদ সহায়তার পরিমাণ |
|---|---|---|
| ১ | ২০১৬-১৭ হতে ২০১৯-২০ | ২,৬৫,৮৪,৮০০ |
| | মোট = | ২,৬৫,৮৪,৮০০ |

সংগৃহীত সূত্র: অনুচ্ছেদ নং-০১ (ব্যাংক এশিয়া লিঃ ,আগ্রাবাদ শাখা, চট্টগ্রাম এর মূল প্রতিবেদন)।

(ii) মার্কেন্টাইল ব্যাংক লিঃ
আগ্রাবাদ শাখা, চট্টগ্রাম।
মেসার্স তাজরি সী ফুডস্ কর্তৃক ২০১৬-১৭ হতে ২০১৯-২০ অর্থবছরে গৃহীত নগদ সহায়তার পরিমাণ  নিম্নরূপ:

| ক্রমিক নং | অর্থবছর | নগদ সহায়তার পরিমাণ |
|---|---|---|
| ১ | ২০১৬-১৭ হতে ২০১৯-২০ | ১,৫৩,২০৯ |
| | মোট = | ১,৫৩,২০৯ |

সংগৃহীত সূত্রঃ অনুচ্ছেদ নং-০৩ (মার্কেন্টাইল ব্যাংক লিঃ, আগ্রাবাদ শাখা, চট্টগ্রাম এর মূল প্রতিবেদন)।

(iii) ব্যাংক এশিয়া লিঃ
সিডিএ শাখা, চট্টগ্রাম।
মেসার্স তাজরি সী ফুডস্ কর্তৃক ২০১৬-১৭ হতে ২০১৯-২০ অর্থবছরে গৃহীত নগদ সহায়তার পরিমাণ  নিম্নরূপঃ

| ক্রমিক নং | অর্থবছর | নগদ সহায়তার পরিমাণ |
|---|---|---|
| ১ | ২০১৬-১৭ হতে ২০১৯-২০ | ৬,৫৬,২৯৭ |
| | মোট = | ৬,৫৬,২৯৭ |

সংগৃহীত সূত্রঃ অনুচ্ছেদ নং-০১ (ব্যাংক এশিয়া লিঃ, সিডিএ শাখা, চট্টগ্রাম এর মূল প্রতিবেদন)।

| সারাংশ: | | |
|---|---|---|
| | (i) ব্যাংক এশিয়া লিঃ, আগ্রাবাদ শাখা, চট্টগ্রাম। | ২,৬৫,৮৪,৮০০ |
| | (ii) মার্কেন্টাইল ব্যাংক লিঃ, আগ্রাবাদ শাখা, চট্টগ্রাম। | ১,৫৩,২০৯ |
| | (iii) ব্যাংক এশিয়া লিঃ, সিডিএ শাখা, চট্টগ্রাম। | ৬,৫৬,২৯৭ |
| | **সর্বমোট=** | **২,৭৩,৯৪,৩০৬** |

## পরিশিষ্ট-০৩ (খ) ঃ এফই সার্কুলার নম্বর-২৩, তারিখঃ ১২/১২/২০০২ খ্রি.

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা

এফ.ই সার্কুলার নং ২৩

তারিখ ঃ ২৮ অগ্রহায়ণ, ১৪০৯
১২ ডিসেম্বর, ২০০২

বৈদেশিক মুদ্রায় লেনদেনের
সকল অনুমোদিত ডিলার ।

প্রিয় মহোদয়,

**হিমায়িত চিংড়ি ও অন্যান্য মাছ রপ্তানি খাতে নগদ সহায়তা প্রদান প্রসংগে ।**

উপর্যুক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাইতেছে যে, সম্প্রতি সরকার দেশের রপ্তানি বাণিজ্যকে উৎসাহিত করিবার লক্ষ্যে হিমায়িত চিংড়ি ও অন্যান্য মাছ রপ্তানি খাতে নগদ সহায়তা প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে । এই নগদ সহায়তা সুবিধা ০১ জুলাই ২০০২ তারিখ হইতে পরবর্তী তিন অর্থ বৎসরের জন্য অর্থাৎ ৩০ জুন ২০০৫ পর্যন্ত জাহাজীকৃত পণ্যের ক্ষেত্রে প্রযোজ্য হইবে । সকল ক্ষেত্রে রপ্তানি পণ্যের মূল্য বৈদেশিক মুদ্রায় প্রত্যাবাসনের পর নীট এফওবি মূল্যের উপর নগদ সহায়তা হিসাবায়ন করিতে হইবে । রপ্তানি পণ্য দেশে উৎপাদিত হইতে হইবে । সুনির্দিষ্ট সরকারী বাজেট বরাদ্দের বিপরীতে রপ্তানি ডকুমেন্ট নেগোসিয়েশনকারী অনুমোদিত ডিলার ব্যাংক শাখা হইতে এই নগদ সহায়তা সরাসরি প্রদান করা হইবে । এই জন্য সরকারী মঞ্জুরী আদেশের বিপরীতে সরকারী হিসাব হইতে বাংলাদেশ ব্যাংক ইমপ্রেষ্ট আগাম আকারে বাণিজ্যিক ব্যাংকসমূহকে প্রয়োজনীয় তহবিল প্রদান করিবে । হিমায়িত চিংড়ি ও অন্যান্য মাছ রপ্তানির ক্ষেত্রে রপ্তানি মূল্য বৈদেশিক মুদ্রায় প্রত্যাবাসনের সনদপত্রের ভিত্তিতে নগদ সহায়তার আবেদনপত্রের বিপরীতে পরিশোধ নিষ্পত্তির কার্যক্রমে অনুমোদিত ডিলারগণের অনুসরণীয় নির্দেশাবলী নিম্নের অনুচ্ছেদসমূহে বর্ণনা করা হইল ।

০২। **হিমায়িত চিংড়ি ও অন্যান্য মাছ রপ্তানি খাতে নগদ সহায়তার প্রাপক পক্ষ ও প্রাপ্যতার মাত্রা ঃ**

হিমায়িত চিংড়ি ও অন্যান্য মাছ ভোক্তাপর্যায়ে ছোট প্যাকে (Retail pack) রপ্তানির ক্ষেত্রে নগদ সহায়তার হার হইবে ১০% (দশ শতাংশ) । উৎপাদনকারী-রপ্তানিকারকগণ নগদ সহায়তা প্রাপ্য হইবেন ।

০৩। **নগদ সহায়তার আবেদনপত্র দাখিলের শর্তাবলী ঃ**

(১) রপ্তানিকারকগণ রপ্তানি ডকুমেন্ট নেগোশিয়েশনের পর পরই ডকুমেন্ট নেগোশিয়েশনকারী অনুমোদিত ডিলার ব্যাংক শাখায় নির্ধারিত ফরম-ক তে নগদ সহায়তার জন্য আবেদনপত্র দাখিল করিতে পারিবে, তবে বিদেশে রপ্তানির মূল্য বৈদেশিক মুদ্রায় প্রত্যাবাসনের পরই কেবল নগদ সহায়তা পরিশোধ্য হইবে । সকল ক্ষেত্রে নগদ সহায়তার আবেদনপত্র বিদেশে সংশ্লিষ্ট ব্যাংকের নষ্ট্রো হিসাবে রপ্তানিমূল্য আকলনের (রপ্তানি মূল্য প্রত্যাবাসনের) তারিখের ১৮০ দিনের মধ্যে দাখিল করিতে হইবে

(২) কেবলমাত্র ব্যাংকের মাধ্যমে স্থাপিত এলসি এর আওতায় রপ্তানি পরবর্তী পর্যায়ে প্রণীত রপ্তানি দলিলের বিপরীতে প্রত্যাবাসিত রপ্তানি আয় কিংবা রপ্তানি পরবর্তী পর্যায়ে ব্যাংকের মাধ্যমে প্রেরিত ডকুমেন্টারী কালেকশনস এর বিপরীতে প্রত্যাবাসিত রপ্তানি আয়ই এই খাতে নগদ সহায়তার জন্য যোগ্য রপ্তানি আয় বিবেচিত হইবে ।

(৩) চুক্তিপত্রের মাধ্যমে রপ্তানির বিপরীতে নগদ সহায়তা প্রদেয় হইবে না ।

(৪) রপ্তানির স্বপক্ষে প্রয়োজনীয় দলিলাদি যেমন ঃ বিএল, কমার্শিয়াল ইনভয়েস, প্যাকিং লিষ্ট, বিল অব এক্সপোর্ট ইত্যাদি দাখিল করিতে হইবে ।

ফরম-'ক'

(অনুচ্ছেদ ০২ ও ০৩(১) এফই সার্কুলার নং- ২৩/২০০২ দ্রষ্টব্য)

## হিমায়িত চিংড়ি ও অন্যান্য মাছ রপ্তানির বিপরীতে নগদ সহায়তার জন্য আবেদনপত্র ।

(ক) আবেদনকারীর নাম ও ঠিকানা ..........................................................................................

..........................................................................................................................

রপ্তানি নিবন্ধন সনদপত্র নম্বর ..........................................................................................

(খ) রপ্তানি ঋণপত্রের নম্বর, তারিখ ও মূল্য ..........................................................................

..........................................................................................................................

(পাঠযোগ্য সত্যায়িত কপি দাখিল করিতে হইবে)

(গ) রপ্তানি চালানের বিবরণ ঃ

| পণ্যের বর্ণনা | পরিমান | ইনভয়েস মূল্য (বৈদেশিক মুদ্রায়) | জাহাজীকরণের তারিখ | ইএক্সপি নম্বর | বৈদেশিক মুদ্রায় প্রত্যাবাসিত রপ্তানি মূল্য ও প্রত্যাবাসনের তারিখ |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |

(রপ্তানি ইনভয়েস, প্যাকিং লিষ্ট এবং বিল অব লেডিং/এয়ারওয়ে বিল ইত্যাদির সত্যায়িত পাঠযোগ্য কপি এবং মূল রপ্তানিমূল্য প্রত্যাবাসন সনদপত্র (পিআরসি) দাখিল করিতে হইবে) ।

(ঘ) নগদ সহায়তার আবেদনকৃত অংক ঃ (বৈদেশিক মুদ্রায়)

| প্রত্যাবাসিত রপ্তানিমূল্য | প্রযোজ্য ক্ষেত্রে জাহাজ ভাড়ার পরিমান | বৈদেশিক মুদ্রায় বিদেশে পরিশোধ্য কমিশন, ইনসুরে ইত্যাদি (যদি থাকে) | নীট এফওবি রপ্তানি মূল্য (১)-(২+৩) | প্রাপ্য নগদ সহায়তা (৪) × ১০/১০০ |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |

(প্রযোজ্য ক্ষেত্রে জাহাজ ভাড়ার উল্লেখ সম্বলিত ফ্রেইট সার্টিফিকেটের সত্যায়িত কপি দাখিল করিতে হইবে)

(ঙ) এই মর্মে অঙ্গীকার করা যাইতেছে যে, দেশে উৎপাদিত হিমায়িত চিংড়ি/মাছ রপ্তানির বিপরীতে নগদ সহায়তার আবেদন করা হইল স্বীয় কারখানায় রপ্তানি প্রক্রিয়াকরণ সম্পন্ন করা হইয়াছে । এই আবেদনপত্রে প্রদত্ত তথ্যাদি/ঘোষণা সম্পূর্ণ সঠিক । যদি পরবর্তীতে ইহাতে কোন ভুল/অসত্য/প্রতারণা/জালিয়াতি প্রমানিত হয় তবে গৃহীত নগদ সহায়তার সমুদয় অর্থ ব উহার অংশবিশেষ [illegible] আমাদের নিকট হইতে আমার/আমাদের ব্যাংক হিসাব হইতে আদায় করিয়া লওয়া যাইবে ।

তারিখ ঃ ..................................

..................................................
আবেদনকারী প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী/
ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর ও পদবী ।

## পরিশিষ্ট-০৩ (গ) বিস্তারিত বিবরণ

### ব্যাংক এশিয়া লিমিটেড, আগ্রাবাদ শাখা, চট্টগ্রাম

রপ্তানি ভর্তুকী/নগদ সহায়তা (Cash Incentive) প্রদান সংক্রান্ত ২০১৭-১৮ ইং হতে ২০১৯-২০ ইং সনের নিরীক্ষা প্রতিবেদনের জবাব প্রসঙ্গেঃ

| অনুঃ নং | উত্থাপিত আপত্তি | ব্যাংকের জবাব | উর্দ্ধতন কর্তৃপক্ষের মন্তব্য |
|---|---|---|---|
| ০১. | শিরোনামঃ রপ্তানীকারক উৎপাদনকারী না হওয়া সত্ত্বেও নগদ সহায়তা বাবদ ২,৬৫,৮৪,৮০০/- টাকা অনিয়মিতভাবে পরিশোধ।<br><br>**বিবরণঃ** ব্যাংক এশিয়া লিমিটেড প্রধান কার্যালয়ের আওতাধীন ব্যাংক এশিয়া লিমিটেড, আগ্রাবাদ শাখা চট্টগ্রাম এর ২০১৬- ২০১৭ খ্রিঃ হতে ২০১৯-২০২০ খ্রিঃ অর্থ বছরের ক্যাশ ইনসেন্টিভ প্রদান সংক্রান্ত পিআরসি, এলসি/ চুক্তিপত্র, ইনভয়েস ও প্রাসঙ্গিক রেকর্ডপত্র পর্যালোচনায় দেখা যায় যে, রপ্তানিকারক উৎপাদনকারী না হওয়া সত্ত্বেও নগদ সহায়তা বাবদ ২,৬৫,৮৪,৮০০/- টাকা অনিয়মিতভাবে পরিশোধ করা হয়েছে।<br><br>রপ্তানিকারক প্রতিষ্ঠান মেসার্স সী-মার্ক (বিডি) লিমিটেড কর্তৃক হিমায়িত অন্যান্য মাছ রপ্তানীর ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের এফ.ই সার্কুলার নংঃ ১৯ তারিখঃ ২৫.১০.২০১১ খ্রিঃ মোতাবেক রপ্তানীকারক উৎপাদনকারী হতে হবে। আলোচ্য ক্ষেত্রে উৎপাদনকারী প্রতিষ্ঠান হিসেবে কি কি পণ্য এবং কি পরিমাণ উৎপাদন/প্রক্রিয়াজাত করতে পারে এবং দেশীয় এবং দেশের বাহিরে উৎপাদন/প্রক্রিয়াজাত পণ্যের শতকরা কত ভাগ বিপনন করতে পারে এবং উৎপাদন ক্ষমতা, জনবল , মূলধনসহ বিনিয়োগ বোর্ড কর্তৃক প্রত্যয়ন /অনুমোদন প্রয়োজন।<br><br>অনিয়মের কারণঃ<br>বাংলাদেশ ব্যাংকের এফ.ই সার্কুলার এবং বিনিয়োগ বোর্ড কর্তৃক প্রত্যয়ন / অনুমোদন উপেক্ষা করে নগদ সহায়তা অনিয়মিতভাবে পরিশোধ। | রপ্তানীকারক প্রতিষ্ঠান মেসার্স সী-মার্ক (বিডি) লিমিটেড হতে হিমায়িত সামুদ্রিক মাছ রপ্তানীর বিপরীতে নগদ সহায়তার আবেদনগুলো পাওয়ার পর, আমাদের শাখা হতে বাংলাদেশ ব্যাংক কর্তৃক অনুমোদিত বহিঃ নিরীক্ষক (চাটার্ড একাউন্ট্যান্ট ফার্ম) এর নিকট নিরীক্ষার জন্য প্রেরণ করা হয়। বাংলাদেশ ব্যাংক কর্তৃক অনুমোদিত বহিঃ নিরীক্ষক (চাটার্ড একাউন্ট্যান্ট ফার্ম) বাংলদেশ ব্যাংকের এফ.ই সার্কুলার নং- ২৩, তাং- ১২/১২/২০০২ ইং, সার্কুলার পত্র নং, এফইপিডি (কম) ২৯১ (হিমায়িত মাছ) নীতি নং- ১৯ তাং ২৫/১০/২০১১ ইং এর আলোকে আবেদনগুলো নিরীক্ষা করে নগদ সহায়তা প্রাপ্তির জন্য যোগ্য মর্মে সনদ প্রদান করে। নিরীক্ষিত সনদ সমূহের ভিত্তিতে আমাদের প্রধান কার্যালয়ের মাধ্যমে বাংলাদেশ ব্যাংকে নগদ সহায়তার আবেদনটি উপস্থাপন করা হয়।<br><br>আবেদনকারী প্রতিষ্ঠান সীমার্ক (বিডি) লিমিটেড বিনিয়োগ বোর্ড কর্তৃক অনুমোদিত একটি উৎপাদনকারী প্রতিষ্ঠান। উক্ত প্রতিষ্ঠানটি বিনিয়োগ বোর্ড মেমো নম্বর-BOI/R&I-1/1919/98/887, তারিখঃ 07.10.1998 এর মাধ্যমে সী-ফুড মার্কেটিং (বাংলাদেশ) লিমিটেড নামে অনুমোদন প্রাপ্ত হয় যাহার রেজিস্ট্রেশন নম্বরঃ 9808096-H, পরবর্তীতে বিনিয়োগ বোর্ড পত্র নম্বর-BOI/R&I-1/1919/1998/935,তারিখঃ 09.07.2003 এর মাধ্যমে সী-ফুড মার্কেটিং (বাংলাদেশ) লিমিটেড নামটি পরিবর্তিত হয়ে সীমার্ক (বিডি) লিমিটেড দ্বারা প্রতিস্থাপিত হয়।<br><br>আমাদের সংযুক্ত করা এই সংক্রান্ত মেমো, রেজিস্ট্রেশন এবং নাম পরিবর্তনের অনুমোদন পত্রের কপির আলোকে রপ্তানীকারক "সীমার্ক (বিডি) লিমিটেড" কে প্রদান করা নগদ সহায়তার উপর আপনাদের আপত্তিটি নিষ্পত্তি হয়েছে হিসেবে বিবেচনা করার জন্য অনুরোধ করা হলো। | [illegible] বিনীত অনুরোধ করছি। |

**পরিশিষ্ট-০৪ (ক) (অনুচ্ছেদ নং-০৪)**

(i) ওয়ান ব্যাংক লিঃ
আগ্রাবাদ শাখা, চট্টগ্রাম।

AIL Bangladesh কর্তৃক ২০১৬-১৭ হতে ২০১৯-২০ অর্থবছরে গৃহীত নগদ সহায়তার পরিমাণ নিম্নরূপঃ

| ক্রমিক নং | অর্থবছর | নগদ সহায়তার পরিমাণ |
|---|---|---|
| ০১ | ২০১৬-১৭ | ৭৮,৭৬,৪১৭ |
| | মোট = | ৭৮,৭৬,৪১৭ |

সংগৃহীত সূত্রঃ অনুচ্ছেদ নং-০৩ (ওয়ান ব্যাংক লিঃ, আগ্রাবাদ শাখা, চট্টগ্রাম এর মূল প্রতিবেদন)।

সারাংশঃ (i) ওয়ান ব্যাংক লিঃ, আগ্রাবাদ শাখা, চট্টগ্রাম। ৭৮,৭৬,৪১৭

**সর্বমোট =** ৭৮,৭৬,৪১৭

**পরিশিষ্ট-০৪ (খ) এফই সার্কুলার নং-(রপ্তানি) ২৯১ (কৃষিপণ্য)/২০১০-৬৩৪, তারিখঃ ১৪/০৭/২০১০ খ্রি.**

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

বাংলাদেশ ব্যাংকে ওয়েব সাইট ঃ www.bangladeshbank.org.bd

সার্কুলার পত্র নং এফইপিডি(রপ্তানি)২৯১(কৃষিপণ্য)/২০১০-৬৩৪

তারিখ ঃ আষাঢ় ৩০, ১৪১৭ / জুলাই ১৪, ২০১০

সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস।

প্রিয় মহোদয়গণ,

কৃষিপণ্য (শাকসব্জি/ফলমূল) ও প্রক্রিয়াজাত (এগ্রোপ্রোসেসিং)
কৃষিপণ্য রপ্তানি খাতে ভর্তুকী প্রদান প্রসংগে।

শিরোনামোক্ত বিষয়ে জারিকৃত এফ,ই সার্কুলার নং ১৫, তারিখ অক্টোবর ০৬, ২০০৫ এর প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, উক্ত সার্কুলারের ২ নম্বর অনুচ্ছেদের নির্দেশনা অনুযায়ী প্রক্রিয়াজাত (এগ্রোপ্রোসেসিং) কৃষিপণ্যের ক্ষেত্রে ভর্তুকী সুবিধা উৎপাদনকারী-রপ্তানিকারকগণের প্রাপ্য হবে। পাশাপাশি সার্কুলারের সাথে সংযুক্ত আবেদন ফরম-খ এর (৬) অনুচ্ছেদে স্বীয় প্রতিষ্ঠানে উৎপাদন সম্পর্কে রপ্তানী উন্নয়ন ব্যুরো/সংশ্লিষ্ট এসোসিয়েশন প্রদত্ত সনদপত্র দাখিল করতে হবে মর্মে নির্দেশনা রয়েছে। এতদ্‌বিষয়ে সকল প্রকার সংশয়ের অবসানকল্পে এ মর্মে স্পষ্টীকরণ করা যাচ্ছে যে, স্বীয় প্রতিষ্ঠানে উৎপাদিত প্রক্রিয়াজাত (এগ্রোপ্রোসেসিং) কৃষিপণ্য রপ্তানির বিপরীতে ভর্তুকী সুবিধা উৎপাদনকারী-রপ্তানিকারকগণের প্রাপ্য হবে। এক্ষেত্রে শুধুমাত্র স্বীয় প্রতিষ্ঠানে উৎপাদিত প্রক্রিয়াজাত কৃষিপণ্য রপ্তানিকারকগণ ব্যতীত অন্যকোন রপ্তানিকারক পক্ষের অনুকূলে আলোচ্য ভর্তুকী পরিশোধের সুযোগ নেই।

এতদ্‌বিষয়ে সংশ্লিষ্ট সকল এফ,ই সার্কুলার/সার্কুলার পত্রের প্রযোজ্য শর্তাবলী অপরিবর্তিত থাকবে। সংশ্লিষ্ট সকল পক্ষকে এতদনুসারে অবহিতকরণের জন্য আপনাদেরকে অনুরোধ করা যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত,

(খন্দকার আব্দুস সেলিম)
মহাব্যবস্থাপক (চলতি দায়িত্বে)
ফোন ঃ ৭১২০৩৭৫

**পরিশিষ্ট-০৫ (ক) (অনুচ্ছেদ নং-০৫)**

ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ
আন্দরকিল্লা শাখা, চট্টগ্রাম।
মেসার্স স্কাইনেট সী ফুডস্ কোং কর্তৃক ২০১৬-১৭ হতে ২০১৯-২০ অর্থবছরে গৃহীত নগদ সহায়তার পরিমাণ নিম্নরূপঃ

| ক্রমিক নং | অর্থবছর | নগদ সহায়তার পরিমাণ |
|---|---|---|
| ০১ | ২০১৭-১৮ | ৫৬,৫১,৭৭৬ |
| ০২ | ২০১৮-১৯ | ২১,৭৪,৬৪০ |
| ০৩ | ২০১৯-২০ | ১৫,৯৯,০৪০ |
| | **সর্বমোট =** | ৯৪,২৫,৪৫৬ |

সংগৃহীত সূত্রঃ অনুচ্ছেদ নং-০৩ (ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ আন্দরকিল্লা শাখা, চট্টগ্রাম এর মূল প্রতিবেদন)।

## পরিশিষ্ট-০৫ (খ) এফই সার্কুলার নং-২৮, তারিখঃ ২৪/১১/২০১৬ খ্রি.

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
www.bb.org.bd

এফই সার্কুলার নং- ২৮

তারিখ : অগ্রহায়ণ ১০, ১৪২৩
নভেম্বর ২৪, ২০১৬

বৈদেশিক মুদ্রায় লেনদেনের
সকল অনুমোদিত ডিলার।

প্রিয় মহোদয়গণ,

**গরু মহিষের নাড়ি, ভুঁড়ি, শিং ও রগ (হাড় ব্যতীত) ইত্যাদি অংশে রপ্তানির বিপরীতে ভর্তুকি প্রদান প্রসংগে।**

এফই সার্কুলার নং ২৫, তারিখ ডিসেম্বর ১২, ২০০২ এর মাধ্যমে হাড়ের গুড়া রপ্তানির বিপরীতে ভর্তুকি প্রদানের বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা জ্ঞাপন করা হয়। পরবর্তীতে সার্কুলার পত্র নং এফইপিডি(রপ্তানি-১)২৯১/হাড়ের গুড়া/২০০৪-৫৩৯, তারিখ জুলাই ২৫, ২০০৪ এর মাধ্যমে গরুর শরীরের বিভিন্ন অংশ (হিমায়িত) যেমন ভুঁড়ি, হাড়, নাকের নরম হাড়, পা ও অন্যান্য অংশে রপ্তানির বিপরীতে এফই সার্কুলার নং ২৫, তারিখ ডিসেম্বর ১২, ২০০২ এর আওতায় ভর্তুকি প্রদেয় হবে মর্মে নির্দেশনা জানানো হয়। সরকারী সিদ্ধান্ত অনুযায়ী চলতি ২০১৬-২০১৭ অর্থ বছরে হাড়ের গুড়া রপ্তানির বিপরীতে ভর্তুকি প্রযোজ্য থাকবে না। তবে গরু মহিষের নাড়ি, ভুঁড়ি, শিং, রগ (হাড় ব্যতীত) ইত্যাদি অংশে রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি প্রযোজ্য হবে। আলোচ্য খাতে ভর্তুকি পরিশোধ বিষয়ে অনুমোদিত ডিলার ব্যাংকের অনুসরণীয় নির্দেশাবলী নিম্নের অনুচ্ছেদগুলোতে বর্ণনা করা হলো :

০২। **ভর্তুকির প্রাপকপক্ষ ও প্রাপ্যতার মাত্রা :** সম্পূর্ণ স্থানীয় উৎস হতে সংগ্রহকৃত গরু মহিষের নাড়ি, ভুঁড়ি, শিং, রগ (হাড় ব্যতীত) ইত্যাদি অংশ নিজস্ব কারখানায় প্রক্রিয়াকরণের মাধ্যমে রপ্তানির ক্ষেত্রে নীট এফওবি মূল্যের ওপর ১০% হারে উৎপাদনকারী-রপ্তানিকারকের ভর্তুকি প্রাপ্য হবে।

০৩। **রপ্তানি ভর্তুকির আবেদনপত্র দাখিলের শর্তাবলী :**

(ক) রপ্তানিকৃত পণ্যের হ্যান্ডেলিং, মানোন্নয়ন, প্রক্রিয়াজাতকরণে নির্বাহকৃত ব্যয় এবং অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক পরিবহন এবং ফ্রেইট চার্জ পরিশোধজনিত ব্যয়ের বিপরীতে ডব্লিউটিও বিধি অনুযায়ী আলোচ্য ভর্তুকি প্রদেয় হবে।

(খ) রপ্তানি ঋণপত্র/চুক্তিপত্রের আওতায় রপ্তানি পরবর্তী পর্যায়ে প্রণীত দলিলাদি কিংবা ডকুমেন্টারী কালেকশনের মাধ্যমে প্রত্যাবাসিত রপ্তানি আয়ের বিপরীতে অনুমোদিত ডিলার ব্যাংক শাখায় রপ্তানিকারকগণ রপ্তানি ভর্তুকির জন্য ফরম-ক অনুসারে আবেদনপত্র দাখিল করতে পারবেন। টিটি'র মাধ্যমে অগ্রিম রপ্তানিমূল্য প্রত্যাবাসনের শর্তযুক্ত রপ্তানি ঋণপত্র/চুক্তির বিপরীতে রপ্তানির ক্ষেত্রে অনুমোদিত ডিলার ব্যাংক শাখাকে বিদেশী ক্রেতার যথার্থতা/বিশ্বাসযোগ্যতা, মূল্যের সঠিকতা এবং বাংলাদেশ হতে প্রকৃত রপ্তানির নিমিত্তে টিটি'র মাধ্যমে অগ্রিম মূল্য প্রত্যাবাসন সম্পর্কে টিটি বার্তার ভাষ্য ও অন্যান্য কাগজপত্রের ভিত্তিতে নিশ্চিত হয়ে নিতে হবে। টিটি'র মাধ্যমে অগ্রিম মূল্য পরিশোধ সরাসরি ব্যাংকিং চ্যানেলের মাধ্যমে (এক্সচেঞ্জ হাউস ব্যতীত) রপ্তানি আদেশ প্রদানকারী বা আমদানিকারক কর্তৃক সম্পন্ন হতে হবে এবং টিটি বার্তার ভাষ্যে আমদানি সংশ্লিষ্ট তথ্যসূত্র উল্লেখ থাকতে হবে। সকল ক্ষেত্রে ভর্তুকির আবেদনপত্র বিদেশে সংশ্লিষ্ট ব্যাংকের নষ্ট্রো হিসাবে রপ্তানি মূল্য আকলনের (রপ্তানি মূল্য প্রত্যাবাসনের) তারিখের ১৮০ দিনের মধ্যে সংশ্লিষ্ট অনুমোদিত ডিলার ব্যাংক শাখায় দাখিল করতে হবে। তবে একই রপ্তানির বিপরীতে ভিন্ন ভিন্ন চালানের মাধ্যমে রপ্তানির বিপরীতে ভর্তুকির আবেদন পত্র দাখিলের বিষয়ে এফই সার্কুলার নং ১২, তারিখ ডিসেম্বর ২০, ২০১২ এর নির্দেশনা অনুসরণীয় হবে।

(গ) রপ্তানির স্বপক্ষে প্রয়োজনীয় দলিলাদি যেমন জাহাজীকরণের প্রমানস্বরূপ বিল অব লেডিং/এয়ারওয়ে বিল, কমার্শিয়াল ইনভয়েস, প্যাকিং লিস্ট, শুল্ক কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত বিল অব এক্সপোর্ট (Summary of amendments ও Examination report (২য় পৃষ্ঠা) সহ) ইত্যাদি দাখিল করতে হবে।

০৪। **অনুমোদিত ডিলার ব্যাংক শাখা কর্তৃক আবেদনপত্র গ্রহণ, পরীক্ষণ ও পরিশোধ নিষ্পত্তি :**

(ক) রপ্তানি ভর্তুকির আবেদন ফরমের বিভিন্ন অনুচ্ছেদে যে সকল কাগজপত্র, সনদপত্র, প্রত্যয়নপত্রের উল্লেখ আছে ঐগুলো সম্পূর্ণ ও পূর্ণাঙ্গ আকারে আবেদনের সাথে যুক্ত থাকার বিষয়ে অনুমোদিত ডিলার ব্যাংক প্রাথমিক পরীক্ষণে নিশ্চিত হবে। ভর্তুকির আবেদনপত্রের সাথে "Bangladesh Omasum Exporter Association" হতে সংযোজিত ছক (ফরম-খ) মোতাবেক সনদপত্র দাখিল করতে হবে। রপ্তানির ক্ষেত্রে যেসকল ডকুমেন্ট ব্যাংক শাখা কর্তৃক প্রক্রিয়াকৃত হয় সেগুলোর যথার্থতা ও সেগুলোতে উল্লেখিত তথ্যাদির শুদ্ধতার বিষয়েও সংশ্লিষ্ট ব্যাংক শাখা নিশ্চিত হবে। প্রাথমিক পরীক্ষণে পরিলক্ষিত ত্রুটির/অসম্পূর্ণতার (যদি থাকে) বিষয়ে অনুমোদিত ডিলার ব্যাংক শাখা আবেদনপত্র প্রাপ্তির ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে আবেদনকারী প্রতিষ্ঠানকে অবহিত করবে।

চলমান পাতা-২

(খ) আবেদনকারী প্রতিষ্ঠানের উৎপাদন ক্ষমতার সাথে আবেদনপত্রে উল্লিখিত রপ্তানি সামঞ্জস্যতা সম্পর্কে নিশ্চিত হওয়ার লক্ষ্যে প্রযোজ্য কাগজপত্রাদি প্রয়োজনীয় ক্ষেত্রে আবেদনকারী হতে অতিরিক্ত ব্যাখ্যা/তথ্যাদি এবং রপ্তানি ও রপ্তানি মূল্য প্রত্যাবাসন বিষয়ে ব্যাংক শাখার স্বীয় রেকর্ড হতে প্রযোজ্য ক্ষেত্রে অন্য ব্যাংক শাখা হতে সংগৃহীত তথ্যাদি/সনদপত্র সংযোজনান্তে আবেদনপত্র পূর্ণাঙ্গ ও সম্পূর্ণ আকার প্রাপ্ত হওয়ার পর অনুমোদিত ডিলার পরিশোধযোগ্য অংক নিরূপন করবে। সংশ্লিষ্ট আবেদন ফরমে অনুমোদিত ডিলার ব্যাংক শাখা কর্তৃক ব্যবহারের জন্য নির্ধারিত অংশের নির্দেশনাগুলো পর্যায়ক্রমিকভাবে অনুসরণ করে এ প্রক্রিয়া সম্পন্ন করা হবে।

(গ) ভর্তুকির আবেদনপত্র মোতাবেক প্রদেয় অর্থের সঠিকতার বিষয়ে নিযুক্ত বহিঃনিরীক্ষক ফার্ম দ্বারা প্রতিটি আবেদনপত্র নিরীক্ষা করাতে হবে। নিরীক্ষা কার্যক্রম সম্পাদনের পর অনুমোদিত ডিলার ব্যাংকের প্রধান কার্যালয়ের মাধ্যমে রপ্তানি ভর্তুকি বাবদ পরিশোধ্য অর্থের দাবী প্রস্তাব বাংলাদেশ ব্যাংকের প্রধান কার্যালয়ের একাউন্টস এন্ড বাজেটিং বিভাগে ফরম-গ অনুযায়ী প্রেরণ করতে হবে। বাংলাদেশ ব্যাংক থেকে ছাড়কৃত বর্ধিত ভর্তুকি প্রেক্ষিতে আবেদনকারী প্রতিষ্ঠানের অনুকূলে পরিশোধিত অর্থের বিবরণী ফরম-ঘ অনুসারে ব্যাংকের প্রধান কার্যালয়ের মাধ্যমে পরবর্তী মাসের দ্বিতীয় সপ্তাহের মধ্যে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের বৈদেশিক মুদ্রা পরিদর্শন বিভাগে দাখিল করতে হবে।

(ঘ) প্রতিক্ষেত্রে ভর্তুকি পরিশোধ অনুমোদনের সংগে সংগে সংশ্লিষ্ট রপ্তানিমূল্য প্রত্যাবাসন সনদপত্র (গাইডলাইন্স ফর ফরেন এক্সচেঞ্জ ট্রানজেকশন-২০০৯, ভলিউম-১ এর এপেন্ডিক্স-৫/২৩ অনুযায়ী), জাহাজীকরণের প্রমানস্বরূপ বিল অব লেডিং/এয়ারওয়ে বিল, কমার্শিয়াল ইনভয়েস, প্যাকিং লিস্ট ও শুল্ক কর্তৃপক্ষ কর্তৃক প্রত্যয়নকৃত বিল অব এক্সপোর্ট এর ওপরে সহজে দৃষ্টিগোচর হয় এমন স্থানে ভর্তুকি পরিশোধিত মর্মে সীল এবং পরিশোধ অনুমোদনকারী কর্মকর্তার স্বাক্ষর সন্নিবেশ করতে হবে, যাতে ঐ সকল দলিলাদি অপব্যবহারের সুযোগ না থাকে। একই রপ্তানির আওতায় একই সুবিধার জন্য একাধিকবার পিআরসি ইস্যুকৃত না হওয়ার বিষয়ে অনুমোদিত ডিলার ব্যাংক শাখাকে বিশেষ সতর্কতা অবলম্বন করতে হবে। এছাড়াও এফ,ই সার্কুলার-৩১, তারিখ-ডিসেম্বর ২৭, ২০০১ এর নির্দেশনা অনুসারে সংশ্লিষ্ট রপ্তানিকারকের রপ্তানিমূল্য অপ্রত্যাবাসিত না থাকার বিষয়টি অনুমোদিত ডিলার ব্যাংককে বাংলাদেশ ব্যাংকের অনলাইন এক্সপোর্ট মনিটরিং সিস্টেম থেকে নিশ্চিত হয়ে নিতে হবে।

(ঙ) ভর্তুকি পরিশোধ নিস্পত্তি সংশ্লিষ্ট সকল কাগজপত্র বাংলাদেশ ব্যাংকের পরিদর্শনের/সরকারী বাণিজ্যিক নিরীক্ষা বিভাগের পরীক্ষণের জন্য পরিশোধের তারিখ হতে অন্যূন ০৩(তিন) বছর পর্যন্ত শাখায় সংরক্ষণ করতে হবে।

(চ) রপ্তানি সংক্রান্ত বিষয়ে কোন অস্পষ্টতা দেখা দিলে বা তথ্য সংগ্রহের প্রয়োজন হলে সংশ্লিষ্ট ব্যাংক ও অডিট ফার্ম, রপ্তানী উন্নয়ন ব্যুরো, টিসিবি ভবন, ১ কাওরান বাজার হতে পরামর্শ গ্রহণ করবে।

**০৫। নিয়মবহির্ভূতভাবে ভর্তুকি পরিশোধের শাস্তিমূলক ব্যবস্থাদি ঃ**

(ক) বিধিবহির্ভূতভাবে ভর্তুকি পরিশোধ করা হলে পরিশোধকৃত অর্থ বাংলাদেশ ব্যাংকের সাথে রক্ষিত পরিশোধকারী ব্যাংকের হিসাব বিকলনপূর্বক আদায় করা হবে।

(খ) সংঘটিত অনিয়মের সংগে জড়িত ব্যাংক কর্মকর্তা/কর্মচারীদের বিরুদ্ধে উপযুক্ত শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

(গ) সংঘটিত অনিয়মের সাথে রপ্তানিকারক এসোসিয়েশনের কোন কর্মকর্তা যুক্ত থাকলে অথবা মিথ্যা তথ্য দিয়ে অনিয়মে সহযোগিতা করলে রপ্তানিকারক এসোসিয়েশন/কর্মকর্তার বিরুদ্ধে উপযুক্ত শাস্তিমূলক ব্যবস্থা নেয়া যাবে।

**০৬। ভর্তুকি বাবদ অর্থ পরিশোধ প্রক্রিয়া ঃ** সরকারী বাজেট বরাদ্দের বিপরীতে ছাড়কৃত তহবিল হতে ভর্তুকি বাবদ দাখিলকৃত আবেদনের বিপরীতে সংশ্লিষ্ট ব্যাংকের অনুকূলে অর্থ প্রদান করা হবে।

সংশ্লিষ্ট সকল পক্ষকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা যাচ্ছে ।

আপনাদের বিশ্বস্ত,

সংযোজনী ঃ বর্ণনা মোতাবেক।

